অবশ্য এ নিয়ে আতঙ্কিত হওয়ার কিছু নেই বলে একই অনুষ্ঠানে আশ্বস্ত করেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ। তিনি বলেন, হঠাৎ করে কিছু হবে না। সব ধরনের নিয়ম মেনেই এটি করা হবে।

একই অনুষ্ঠানে কয়েকজন বক্তা ইচ্ছাকৃত খেলাপি এবং ঋণের টাকা পাচারকারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার অনুরোধ করেন। এ ছাড়া সুদহার দ্রুত বাড়ানোর কারণে অর্থনীতিতে প্রভাবসহ বিভিন্ন বিষয়ও আলোচনায় উঠে আসে। ডিসিসিআই আয়োজিত এ আলোচনায় সহযোগিতা করে দৈনিক সমকাল এবং চ্যানেল টোয়েন্টিফোর। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী।

আফতাব-উল ইসলাম বলেন, গভর্নরের একটি ঘোষণার পর গত দুই-তিন মাস ধরে ব্যাংক একীভূতকরণ নিয়ে ব্যাপক আলোচনা হচ্ছে। এ নিয়ে প্রচুর সম্পাদকীয়, উপসম্পাদকীয় লেখা হচ্ছে। এখন আগামী ৬ মাস বা এক বছরের মধ্যে কীভাবে ব্যাংক একীভূত হবে তা নিয়ে আমানতকারীদের মধ্যে আতঙ্ক আছে। একটা শক্তিশালী ব্যাংকের সঙ্গে দুর্বল ব্যাংক একীভূত হলে ভালো ব্যাংকের ওপর কোনো প্রভাব পড়বে কিনা তা নিয়ে নানা প্রশ্ন আছে।

তিনি বলেন, মানুষ জানতে চায় বাধ্যতামূলক এক ব্যাংকের সঙ্গে আরেকটি ব্যাংক এক করে দেওয়া হবে, নাকি কোনো চয়েজ দেওয়া হবে। একীভূত করলে আমানতকারীর ওপর কোনো প্রভাব পড়বে কিনা সেটিও গুরুত্বপূর্ণ বিষয়। এ ছাড়া ভালো ব্যাংক যদি খারাপ ব্যাংককে নিতে না চায় সে ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের অবস্থান কী হবে।

তিনি বলেন, খেলাপি ঋণ অনেক বেড়েছে। এখন যে পর্যায়ে গেছে তাতে ব্যাংক একীভূত করা ছাড়া উপায় নেই। তবে এ ক্ষেত্রে পার্শ্ববর্তী দেশে কীভাবে একীভূত করা হয়েছে, তাদের অভিজ্ঞতা কী– এসব দেখে এগোতে হবে। এ ছাড়া আগামী বাজেটে এ বিষয়ে একটি ঘোষণার জন্য অর্থমন্ত্রীর প্রতি অনুরোধ জানান তিনি।

শেখ মোহাম্মদ সলীম উল্লাহ বলেন, একীভূতকরণ হলে সব ধরনের নিয়ম পর্যালোচনা করে এবং আশপাশের দেশের অভিজ্ঞতার আলোকেই হবে। ব্যাংক খাতে সুশাসন প্রতিষ্ঠা ও খেলাপি ঋণ কমানোর জন্য বাংলাদেশ ব্যাংক ইতোমধ্যে একটি পথনকশা ঘোষণা করেছে। আবার খেলাপি ঋণ কেনার জন্য সম্পদ ব্যবস্থাপনা কোম্পানি গঠনের উদ্যোগ নেওয়া হয়েছে। তবে এ জন্য আলাদা আইন নেই। এখন আইন করার জন্য ইতোমধ্যে কাজ শুরু হয়েছে।

তিনি বলেন, সংশোধিত ব্যাংক কোম্পানি আইনে ইচ্ছাকৃত খেলাপি ও অনিচ্ছাকৃত খেলাপির বিষয়টি বিভাজন করা হয়েছে। এসবের মাধ্যমে খেলাপি ঋণ কমানো হবে। ঋণ নিয়ে যথাসময়ে পরিশোধ করলে অর্থপ্রবাহ বাড়বে। আর সংকট থাকবে না।

বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. মো. হাবিবুর রহমান বলেন, সব ধরনের নিয়ম মেনেই ব্যাংক একীভূত করা হবে। এরই মধ্যে খেলাপি ঋণ কমাতে একটি রোডম্যাপ ঘোষণা করা হয়েছে। সে আলোকে কেন্দ্রীয় ব্যাংক কাজ করছে।

নতুন সুদহার ব্যবস্থার সমালোচনা করে সামিট অ্যালায়েন্স পোর্টের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ আলী জওহর রিজভী বলেন, সুদহারের বর্তমান ব্যবস্থাকে 'স্মার্ট' বলা হলেও এ ব্যবস্থা অত্যন্ত 'আন স্মার্ট'। এভাবে সুদহার বাড়লে অর্থনীতি গতিশীল বা মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ হবে না। খেলাপি ঋণ না কমে আরও বাড়বে।

প্রসঙ্গত, ২০২০ সালের এপ্রিল থেকে গত জুন পর্যন্ত সুদহারের সর্বোচ্চ ৯ শতাংশ সীমা দেওয়া ছিল। জুলাই থেকে নতুন ব্যবস্থা চালুর ফলে এখন তা বেড়ে ১৩ শতাংশের ওপরে উঠেছে। আর সিএমএসএমই খাতের জন্য যা ১৪ শতাংশের ওপরে।

অনুষ্ঠানের বিশেষ অতিথি জাতীয় সংসদ সদস্য ও এফবিসিসিআইর সাবেক সভাপতি এ. কে. আজাদ বলেন, ৯ শতাংশ সুদে ঋণ নিয়ে এখন ১৪ শতাংশ গুনতে হচ্ছে। বাড়তি এই সুদের কারণে অনেকে খেলাপি হয়ে পড়বে। তিনি বলেন, ঋণ নিয়ে যারা বিনিয়োগ না করে বিদেশে নিয়ে গেছে তাদের তালিকা প্রকাশ করা দরকার। প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক প্রতিটি ব্যাংকে বিশেষ নিরীক্ষা করে এ ধরনের খেলাপিদের একটা তালিকা প্রকাশ করতে পারে। তাহলে সমাজে তারা চাপে পড়বে।

প্রথম আলো

সোমবার, ১১ মার্চ ২০২৪




ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), *সমকাল* ও চ্যানেল টোয়েন্টিফোরের যৌথভাবে আয়োজিত 'প্রাক্-বাজেট আলোচনা : বেসরকারি খাতের প্রত্যাশা' শীর্ষক মতবিনিময় সভায় বক্তারা। গতকাল রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে। ছবি : প্রথম আলো

প্রাক্-বাজেট আলোচনায় ব্যবসায়ীদের প্রশ্ন

# বাড়তি ৫% সুদের দায় নেবে কে

**বিশেষ প্রতিনিধি**, *ঢাকা*

একদিকে ডলার-সংকট, অন্যদিকে ডলারের ভিন্ন ভিন্ন দর। ব্যাংকঋণের সুদের হার বাড়ছে। ব্যয় বাড়ছে ব্যবসার।

অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীর সামনে এসব কথা তুলে ধরে ব্যবসায়ীরা বললেন, তাঁরা বিপাকে রয়েছেন।

রাজধানীর একটি হোটেলে গতকাল রোববার 'প্রাক্-বাজেট আলোচনা : বেসরকারি খাতের প্রত্যাশা' শীর্ষক সভায় ব্যবসায়ীরা এসব কথা বলেন। এতে প্রধান অতিথি ছিলেন অর্থমন্ত্রী।

সভায় আরও বলা হয়, দেশ থেকে অর্থ পাচার হয়েছে, কিন্তু কারও বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেই। ইচ্ছাকৃত ঋণখেলাপি সংস্কৃতি তৈরি হয়েছে সরকারের নীতির কারণে। বাংলাদেশ ব্যাংকের স্বায়ত্তশাসনের ঘাটতি থাকার কারণেই এসব হচ্ছে।

ব্যবসায়ীরা বলেন, তাঁরা যে ঋণ ৯ শতাংশ সুদে নিয়েছিলেন, সেখানে এখন পরিশোধ করতে হচ্ছে ১৪ শতাংশ সুদ। বাড়তি ৫ শতাংশ ব্যয়ের দায় কে নেবে।

অবশ্য অর্থমন্ত্রী এসব বিষয় নিয়ে কোনো প্রতিক্রিয়া জানাননি। তিনি একটি লিখিত বক্তব্য পাঠ করেন। তাতে বলেন, ২০২৪-২৫ অর্থবছরে বেসরকারি খাতের জন্য একটি উৎসাহব্যঞ্জক বাজেট করা হবে। বাজেট প্রণয়নের ক্ষেত্রে গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে বেসরকারি খাতের মতামত ও প্রত্যাশাকে।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), দৈনিক *সমকাল* এবং চ্যানেল টোয়েন্টিফোরের যৌথ আয়োজনে অনুষ্ঠিত এ সভায় আর্থিক খাতের গুরুত্বপূর্ণ ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

সভায় ব্যাংকঋণের উচ্চ সুদহার নিয়ে প্রশ্ন তোলেন স্বতন্ত্র সংসদ সদস্য এবং ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি এ কে আজাদ। তিনি বলেন, বাড়তি সুদের কারণে অনেকে খেলাপি হয়ে পড়বেন। এর জন্য ব্যবসায়ীদের তো কোনো প্রস্তুতি ছিল না।

এ কে আজাদ আরও বলেন, যাঁরা ঋণের নামে ব্যাংক থেকে টাকা নিয়ে বাইরে চলে গেলেন এবং বিনিয়োগ করলেন না, তাঁদের বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া হবে? বাংলাদেশ ব্যাংকের ক্ষমতায়নের দাবি করে তিনি বলেন, একটি ব্যাংক থেকে ১ হাজার ২০০ কোটি টাকা নিয়ে গেল একটি ব্যবসায়িক গোষ্ঠী। বাংলাদেশ ব্যাংক তা জানত না। পরে তদন্ত করে এ ঘটনা বের করলেও কারও বিরুদ্ধে ব্যবস্থা নেয়নি।

সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর হাবিবুর রহমান। তিনি বলেন, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে সুদহার বাড়ানোর বিকল্প নেই। সুদের 'স্মার্ট রেটে'র পরিবর্তে বাজারের ওপর ছেড়ে দিলে সুদহার একবারে অনেক বেড়ে যেত।

অবশ্য কনটেইনার ডিপো পরিচালনাকারী প্রতিষ্ঠান সামিট অ্যালায়েন্স পোর্টের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ আলী জওহর রিজভী বলেন, সুদের হারের ক্ষেত্রে যে 'স্মার্ট' পদ্ধতি করা হয়েছে, তা আসলে 'আনস্মার্ট' হয়েছে।

### ঋণখেলাপি প্রসঙ্গ

সভায় অর্থ মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য মো. আবুল কালাম আজাদ ইচ্ছাকৃত ঋণ খেলাপির নতুন সংস্কৃতি শুরু হয়েছে মন্তব্য করেন। তিনি বলেন, সরকারের নীতিই এ জন্য দায়ী। এ নীতির পর্যালোচনা দরকার, যাতে নতুন প্রজন্মে এ ধরনের খেলাপি তৈরি না হয়। করব্যবস্থা আরও সহজ করা দরকার বলেও উল্লেখ করেন তিনি।

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিম করের আওতা বাড়ানোর বিষয়ে বলেন, বিষয়টি যত সহজে বলা হয়, তত সহজ নয়। তিনি আরও বলেন, আমদানিনির্ভরতা কমিয়ে কীভাবে দেশের মধ্যে উৎপাদন বাড়ানো যায়, সে ধরনের করনীতি নেওয়া হয়েছে।

### ব্যাংক একীভূতকরণ

সভায় ব্যাংক একীভূতকরণের প্রসঙ্গও আসে। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ বলেন, কিছু ব্যাংক একীভূত করার যে উদ্যোগ নেওয়া হয়েছে, তা যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে হবে।

ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আফতাব উল ইসলাম বলেন, ব্যাংকের একীভূতকরণ নিয়ে মানুষের মধ্যে ভীতি আছে, প্রশ্ন আছে দুর্বলের সঙ্গে সবল ব্যাংকের একীভূতকরণ হলে কী ধরনের সমস্যা হবে।

একই ভীতির কথা জানান বাংলাদেশ অর্থনীতি সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলামও। তিনি সভায় বলেন, তাড়াহুড়া না করে একটি ব্যাংক কমিশন গঠন করা যেতে পারে। কমিশনের মতামতের ভিত্তিতে এ পথে যাওয়া উচিত।

### ঢাকা চেম্বারের একগুচ্ছ প্রস্তাব

ডিসিসিআইয়ের সভাপতি আশরাফ আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় সংগঠনটির পক্ষ থেকে আগামী বাজেট সামনে রেখে আয়কর ও মূসক (মূল্য সংযোজন কর বা ভ্যাট), আর্থিক খাত, শিল্প ও বাণিজ্য এবং অবকাঠামো উন্নয়ন—এসব খাতের আলাদা সমস্যা চিহ্নিত করে প্রস্তাব দেয় ডিসিসিআই।

বেসরকারি প্রতিষ্ঠানের স্বীকৃত ভবিষ্য তহবিল এবং অনুমোদিত বার্ধক্য তহবিল থেকে আয় করমুক্ত রাখার দাবি জানায় ঢাকা চেম্বার। তাদের প্রস্তাবে খেলাপি ঋণ কমানোর জন্য সম্পদ ব্যবস্থাপনা কোম্পানিকে দায়িত্ব দেওয়া এবং সাশ্রয়ী ও নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিতের দাবি জানানো হয়।

ইন্টারন্যাশনাল চেম্বার অব কমার্স (আইসিসি) বাংলাদেশের সভাপতি মাহবুবুর রহমান, ঢাকা চেম্বারের সাবেক সভাপতি রিজওয়ান রহমান, সামীর সাত্তার ও শামস মাহমুদ; বিকেএমইএর নির্বাহী সভাপতি মোহাম্মদ হাতেম, গবেষণা সংস্থা পলিসি এক্সচেঞ্জের চেয়ারম্যান এম মাশরুর রিয়াজ প্রমুখ সভায় উপস্থিত ছিলেন।

বণিক বার্তা
সোমবার, ১১ মার্চ ২০২৪ সমৃদ্ধির সহযাত্রী




ডিসিসিআই, দৈনিক সমকাল ও চ্যানেল ২৪-এর আয়োজনে গতকাল প্রাক-বাজেট আলোচনা অনুষ্ঠিত হয় ছবি : নিজস্ব আলোকচিত্রী

### প্রাক-বাজেট আলোচনায় অর্থমন্ত্রী

# বেসরকারি খাতের জন্য আগামী বাজেট হবে উৎসাহব্যঞ্জক

**নিজস্ব প্রতিবেদক ■**

অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, 'দেশের বেসরকারি খাতের জন্য আগামী বাজেট হবে উৎসাহব্যঞ্জক।' রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে গতকাল এক প্রাক-বাজেট আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এবং দৈনিক সমকাল ও চ্যানেল ২৪ যৌথভাবে এর আয়োজন করে। এতে ব্যবসায়ীদের পক্ষ থেকে আগামী বাজেটের জন্য বিভিন্ন প্রস্তাব তুলে ধরা হয়।

'প্রাক-বাজেট আলোচনা : প্রেক্ষিত বেসরকারি খাত' শীর্ষক এ আলোচনায় অংশ নিয়ে মন্ত্রী বলেন, 'দেশের বেসরকারি খাত অর্থনৈতিক অগ্রযাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বিষয়টি বিবেচনায় রেখে আগামী বাজেটে তাদের কাছ থেকে প্রাপ্ত সুপারিশগুলো বিবেচনা করা হবে।'

আবুল হাসান মাহমুদ আলী বলেন, 'মূল্যস্ফীতি কমিয়ে আনার পাশাপাশি বাজার পর্যবেক্ষণে এরই মধ্যে বেশকিছু পদক্ষেপ নেয়া হয়েছে। শিগগিরই এর সুফল আসবে। এছাড়া আর্থিক খাতে সুশাসন প্রতিষ্ঠা, প্রয়োজনীয় নীতি সংস্কার, দীর্ঘমেয়াদি কৌশল নির্ধারণ, মানবসম্পদের দক্ষতা উন্নয়ন, পণ্যের বহুমুখীকরণ, বিনিয়োগ পরিবেশ উন্নয়ন, অভ্যন্তরীণ সম্পদের সুষম ব্যবহার প্রভৃতি বিষয় আগামী বাজেটে প্রাধান্য পাবে।'

তিনি বলেন, 'দেশের উন্নয়নে যার যার অবস্থান থেকে অবদান রাখা যায়। দায়িত্ব পালন করা যায়। ছোট-বড় প্রতিষ্ঠানের পার্থক্য নয়, সবাইকে দায়িত্ব নিতে হবে।'

স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি আশরাফ আহমেদ বলেন, 'অর্থনৈতিক প্রবৃদ্ধির গতিধারা অব্যাহত রাখতে রাজস্ব আহরণ বাড়াতে করজাল সম্প্রসারণ এবং কর ব্যবস্থাপনার সহজীকরণ করা আবশ্যক। এছাড়া একটি টেকসই আর্থিক খাতের জন্য বেশকিছু আইন ও নীতি সংস্কারের পাশাপাশি খেলাপি ঋণ কমানো, ঝুঁকি ব্যবস্থাপনা, রিজার্ভের ঘাটতি কমানো, ঋণপ্রবাহ বৃদ্ধি ও তারল্যের স্থিতিশীলতা বজায় রাখা জরুরি।'




শিল্প খাতে সাশ্রয়ী ও নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিতের ওপরও জোর দেন ঢাকা চেম্বারের সভাপতি। শিল্প-বাণিজ্যের প্রসারে উৎপাদন বৃদ্ধি ও রফতানি আয় বাড়াতে পণ্য, সেবা ও বাজার বহুমুখীকরণের তাগিদ দেন তিনি। আহ্বান জানান শিল্প খাতে কমপ্লায়েন্স, সম্ভাবনাময় পণ্য ও বাজার সম্পর্কিত গবেষণা এবং উদ্ভাবনী কার্যক্রমে নীতি ও প্রণোদনা সহায়তার।

বিশেষ অতিথির বক্তব্যে এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি ও হা-মীম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এ কে আজাদ এমপি বলেন, 'একটি ব্যাংক থেকে ১ হাজার ২০০ কোটি টাকা নিয়ে গেল একটি ব্যবসায়ী গোষ্ঠী। বাংলাদেশ ব্যাংক তা জানে না। ব্যাংকের একক গ্রাহক ঋণসীমা আছে। বাংলাদেশ ব্যাংক পরে তদন্ত করে এ ঘটনা বের করেছে। কিন্তু কারো বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হয়নি। বাংলাদেশ ব্যাংকের ক্ষমতায়ন ঘাটতির কারণে এসব হচ্ছে।'

যারা ঋণের নামে ব্যাংক থেকে টাকা নিয়ে বাইরে চলে গেলেন এবং বিনিয়োগ করলেন না, তাদের বিরুদ্ধে কী ব্যবস্থা নেয়া হবে; সে প্রশ্ন তোলেন এ কে আজাদ। ব্যাংক ঋণের উচ্চ সুদের বিষয়ে তিনি বলেন, '৯ শতাংশ সুদে ঋণ নিয়ে এখন ১৪ শতাংশ গুনতে হচ্ছে। বাড়তি সুদের কারণে অনেকে খেলাপি হয়ে পড়বেন; এমন আশঙ্কার কথা জানিয়ে তিনি প্রশ্ন তোলেন, ৫ শতাংশ অতিরিক্ত সুদের দায়িত্ব এখন কে নেবে? এর জন্য ব্যবসায়ীদের তো কোনো প্রস্তুতি ছিল না।'

ডলার সংকটের কথা উল্লেখ করে তিনি বলেন, 'ডলারের সরকারি দর ১১০ টাকা। অথচ আমদানিতে কিনতে হচ্ছে ১২৪ টাকা দরে। এদিকে শুল্ক কর্তৃপক্ষ শুল্কায়ন করছে ১২৪ টাকা ধরে। সরকারি অন্যান্য সংস্থা ডলারের দর ১১০ টাকা ধরে হিসাব করছে।'

অর্থ মন্ত্রণালয় সংক্রান্ত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য মো. আবুল কালাম আজাদ বলেন, 'দেশী-বিদেশী বিনিয়োগকারীদের মনোযোগ আকর্ষণে দীর্ঘমেয়াদি নীতির ধারাবাহিকতা নিশ্চিত করতে হবে।' রাজস্ব কাঠামোর সংস্কার ও সহজীকরণ এবং শিল্প খাতে সাশ্রয়ী মূল্যে নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিতের ওপর জোর দেন তিনি।

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিম বলেন, 'আমরা কর জিডিপির অপবাদ দ্রুত দূর করতে চাই। সরকারকে কর প্রদান প্রক্রিয়া সহজীকরণ ও করভার লাঘবের মধ্যে সমন্বয় করতে হয়। এরই মধ্যে কর প্রদানের প্রক্রিয়া সহজীকরণের জন্য নানামুখী উদ্যোগ নেয়া হয়েছে। ২০২০ সালে ব্যক্তি শ্রেণীর করদাতার সংখ্যা ছিল ২১ লাখ। ২০২৪ সালের ফেব্রুয়ারিতে এ সংখ্যা ৩৭ লাখে উন্নীত হয়েছে। কর আহরণের পাশাপাশি বেসরকারি খাতকে সহযোগিতা দেয়াই এনবিআরের মূল লক্ষ্য।'

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ বলেন, 'প্রবৃদ্ধির ধারাবাহিকতা অব্যাহত রাখতে স্থানীয় বিনিয়োগ বৃদ্ধির বিকল্প নেই। দেশে কর্মসংস্থানের সুযোগ তৈরিতে বেসরকারি খাতের অবদান সবচেয়ে বেশি। তাই আমাদের উদ্যোক্তাদের বিকাশে সর্বাত্মক নীতি সহায়তা অব্যাহত থাকবে।'

বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. মো. হাবিবুর রহমান বলেন, 'উচ্চ মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, মুদ্রা বিনিময় হারে স্থিতিশীলতা আনয়ন এবং খেলাপি ঋণ হ্রাস প্রভৃতি বিষয়ের ওপর অধিক জোর দিচ্ছে কেন্দ্রীয় ব্যাংক।'

সামিট অ্যালায়েন্স পোর্ট লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক সৈয়দ আলী জওহর রিজভী বলেন, 'আইএমএফ ও ওয়ার্ল্ড ব্যাংকের পলিসি দিয়ে দেশ চলবে না।' নিট পোশাক শিল্প মালিকদের সংগঠন বিকেএমইএর নির্বাহী সভাপতি মোহাম্মদ হাতেম বলেন, 'করের আওতায় থাকার পরও কেন রিটার্ন দাখিল করতে হবে? এটা থেকে আমরা রেহাই চাই।' ইউসিবিএল হোল্ডিংস লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক রিজওয়ান রাহমান বলেন, 'অটোমেশন জরুরি, কিন্তু এনবিআর সেটা এখনো করতে পারেনি।' ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আফতাব-উল ইসলাম বলেন, 'মার্জার নিয়ে এনবিআরের বাজেটে এবার একটা কিছু থাকতে হবে।'

আলোচনা অনুষ্ঠানের চারটি সেশনে নির্ধারিত আলোচনায় অংশ নেন ইউনিলিভার বাংলাদেশ লিমিটেডের হেড অব ট্যাক্সেশন সাব্বির আহমেদ খান, শান্তা অ্যাসেট ম্যানেজমেন্ট লিমিটেডের ভাইস চেয়ারম্যান মো. আরিফ খান, শাশা ডেনিমসের ব্যবস্থাপনা পরিচালক শামস মাহমুদ, পজিনি এক্সচেঞ্জ বাংলাদেশের প্রধান নির্বাহী কর্মকর্তা ড. এম মাশরুর রিয়াজ, কনফিডেন্স গ্রুপের ভাইস চেয়ারম্যান ইমরান করিম, এনবিআরের সাবেক সদস্য মো. ফরিদ উদ্দিন, আইসিএবির সিইও শুভাশীষ বোস প্রমুখ।

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া

সোমবার, ১১ মার্চ ২০২৪

ঢাকা চেম্বারের আলোচনায় অর্থমন্ত্রী

# আগামী বাজেট হবে বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক




■ ইত্তেফাক রিপোর্ট

আগামী ২০২৪-২৫ অর্থবছরের বাজেট হবে বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক। বাজেট প্রণয়নে বেসরকারি খাতের প্রত্যাশা গুরুত্ব পাবে। গতকাল রবিবার রাজধানীর একটি হোটেলে অনুষ্ঠিত এক প্রাক-বাজেট আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী এ কথা বলেন। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত এ আলোচনায় সহযোগিতা করে দৈনিক সমকাল এবং চ্যানেল টোয়েন্টিফোর।

ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদের সঞ্চালনায় আগামী বাজেট সামনে রেখে চারটি বিষয়ের ওপর আলোচনা হয়। এগুলো হলো-আয়কর ও মূসক, আর্থিক খাত, শিল্প ও বাণিজ্য এবং অবকাঠামো উন্নয়ন।

অনুষ্ঠানে অর্থমন্ত্রী বলেন, বিনিয়োগের পরিবেশ উন্নয়নে কার্যকর নীতিমালা প্রণয়ন, সহজ ও দ্রুততম সময়ে সেবা প্রদান, কার্যকরী অবকাঠামোগত ও মানবসম্পদ উন্নয়নের কার্যক্রম হাতে নেওয়া হচ্ছে। এসব পদক্ষেপ বাস্তবায়নের জন্য রাজস্ব বৃদ্ধি, সরকারি ব্যয়ে কৃচ্ছ সাধন, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, আর্থিক খাতে সুশাসন প্রতিষ্ঠা, আমদানি বিকল্প শিল্প প্রতিষ্ঠাসহ অন্যান্য উন্নয়নমূলক কর্মকাণ্ডকে আগামী বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হবে।

তিনি বলেন, এসব উদ্যোগ বেসরকারি খাতের প্রসারসহ দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সার্বিকভাবে আগামী বাজেট হবে বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক।

বিশেষ অতিথির বক্তব্যে অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য মো. আবুল কালাম আজাদ বলেন, বাংলাদেশের বিনিয়োগকারীরা অনেক ঝুঁকি নিয়ে বিনিয়োগ করেন। বিদেশিরা ঝুঁকি নিতে চান না। তাই করের ক্ষেত্রে নীতির ধারাবাহিকতা দরকার। বিনিয়োগ বাড়াতে বন্ড ও বীমা খাতের উন্নয়ন দরকার বলে তিনি মন্তব্য করেন।

তিনি বলেন, কর ব্যবস্থার আরো সহজীকরণ দরকার। অটোমেশন দিনকে দিন হচ্ছে। আরো দরকার। ব্যাংকিং খাতে ইচ্ছাকৃত ঋণখেলাপি যাতে তৈরি না হয়, সেদিকে বিশেষ খেয়াল রাখতে হবে। বাজেট বাস্তবায়নের সক্ষমতা আরোও বাড়াতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে এফবিসিসিআইর সাবেক সভাপতি এ কে আজাদ বলেন, অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের জন্য কর্মসংস্থান বাড়ানোর বিকল্প নেই। এক্ষেত্রে দক্ষ জনশক্তি গড়ে তুলতে হবে। আমাদের এখানে ১ লাখ ২৫ হাজার বিদেশি নাগরিক কাজ করে। আমাদের বিশ্ববিদ্যালয়গুলোতে এখনো এমন কিছু বিষয় পড়ানো হচ্ছে কর্মসংস্থানে যা ভূমিকা রাখতে পারছে না।

তিনি বলেন, ৯ শতাংশ সুদে ঋণ নিয়ে এখন ১৪ শতাংশ গুণতে হচ্ছে। বাড়তি এই সুদের কারণে অনেকে খেলাপি হয়ে পড়বে। আবার ডলারের সরকারি দর ১১০ টাকা বলা হলেও আমদানিতে কিনতে হচ্ছে ১২৪ টাকায়। কাস্টমস কর্তৃপক্ষ ১২৪ টাকা ধরে শুল্কায়ন করছে। সরকারি অন্যান্য সংস্থা হিসাব করার সময় ডলারের দর ১১০ টাকা ধরে বলছে ব্যবসায়ীরা কারসাজি করে দর বাড়ায়। এই অবস্থার অবসান দরকার। এছাড়া যারা ঋণের নামে ব্যাংক থেকে টাকা নিয়ে বাইরে নিয়ে গেছে তাদের ধরতে হবে। ব্যাংক খাতে সুশাসন নিশ্চিত করতে হলে বাংলাদেশ ব্যাংককে স্বাধীনতা দিতে হবে। কোনো অনিয়ম ধরার পর ব্যবস্থা নিতে দিতে হবে।

সম্মানিত অতিথির বক্তব্যে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিম বলেন, করের আওতা বাড়ানোর বিষয়টি যত সহজে বলা হয়, বিষয়টি তত সহজ নয়। তবে কর আহরণ এনবিআরের একমাত্র লক্ষ্য নয়। এরই মধ্যে বিভিন্ন খাতে করহার কমানো হয়েছে। ব্যক্তি করদাতার সংখ্যা ২০২০ সালের ২১ লাখ থেকে গত ফেব্রুয়ারি পর্যন্ত ৩৭ লাখে উন্নীত করা হয়েছে। বিআইএনধারী ভ্যাটদাতা প্রতিষ্ঠানের সংখ্যা ২০২০ সালের ২ লাখ থেকে এখন ৫ লাখে উন্নীত করা হয়েছে।

তিনি বলেন, আমদানি নির্ভরতা কমিয়ে কীভাবে দেশের মধ্যে উৎপাদন বাড়ানো যায়—সে ধরনের কর নীতি নেওয়া হয়েছে। উচ্চ মূল্যসংযোজিত রপ্তানি পণ্য উৎপাদনে বিভিন্ন ধরনের ছাড় দেওয়া হচ্ছে। সরকারের নীতির এরই মধ্যে মোবাইল, টেলিভিশন, ফ্রিজ এবং এসির উৎপাদন বেড়েছে। এসব পণ্যের ৯৫ শতাংশ দেশেই উৎপাদিত হচ্ছে। লিফট, ফোর হুইলারের উৎপাদন বাড়ানোর ওপর নীতি সহায়তা দেওয়া হচ্ছে।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ বলেন, খেলাপি ঋণ কমিয়ে আনতে ব্যাংক কোম্পানি আইনের সংশোধন করা হয়েছে। এছাড়া অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি গঠনেও উদ্যোগ নেওয়া হয়েছে। কিছু ব্যাংক একীভূত করার যে উদ্যোগ নেওয়া হয়েছে, তা যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে হবে। ব্যাংক খাতে সুশাসন প্রতিষ্ঠায় রোডম্যাপ অনুযায়ী কার্যক্রম শুরু হয়েছে। অচিরেই ব্যাংক খাতের অবস্থা আরো ভালো হবে। এছাড়া বন্ড মার্কেটকে শক্তিশালী করার পাশাপাশি পুঁজিবাজারের উন্নয়নেও বেশকিছু উদ্যোগ নেওয়া হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. মো. হাবিবুর রহমান বলেন, বিশ্বের বিভিন্ন দেশের মতো বাংলাদেশের অর্থনীতিতে কিছু চ্যালেঞ্জ তৈরি হয়েছে। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, বিনিময় হার স্থিতিশীল রাখা এবং খেলাপি ঋণ কমানোর ওপর জোর দেওয়া হয়েছে। এখন মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের জন্য সুদহার বাড়ানোর কোনো বিকল্প নেই।

তিনি বলেন, 'বিশ্বের অন্যান্য দেশ অনেক আগে থেকেই আগ্রাসীভাবে সুদহার বাড়ানোর নীতি নিয়েছে। তবে আমরা এক্ষেত্রে ব্যবসা-বাণিজ্যের কথা চিন্তা করে অনেক দেরিতে সুদহার বাড়িয়েছি। 'স্মার্ট রেট' নিয়ে অনেকে সমালোচনা করেন। কেউ কেউ বলেন, আইএমএফ, বিশ্বব্যাংকের পরামর্শে এটা করা হয়েছে। সেটা ঠিক নয়। স্মার্ট কার্যকর না করে কেবল বাজারের ওপর ছেড়ে দিলে সুদহার একবারে অনেক বেড়ে যেত। আইসিসি বাংলাদেশের সভাপতি মহাবুবুর রহমানসহ ব্যবসায়ী নেতারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বক্তারা বলেন, বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করার জন্য নীতির ধারাবাহিকতা দরকার। এছাড়া বিদ্যুৎ, গ্যাস সরবরাহ নিশ্চিত করতে হবে। আমাদের এখানে এসব ক্ষেত্রে বড় ধরনের সংকট রয়েছে। তারা বলেন, ৯ শতাংশ সুদ হিসাব করে ঋণ নিয়ে এখন গুণতে হচ্ছে ১৪ শতাংশ। এতে করে প্রকৃত ব্যবসায়ীদের অনেকে ক্ষতিগ্রস্ত হবেন। বিনিয়োগে আগ্রহ হারাবেন। আর বিনিয়োগ না হলে কর্মসংস্থান বাড়বে না। আবার ইচ্ছাকৃত খেলাপি এবং অনিচ্ছাকৃত খেলাপি সবার জন্য একই আইন থাকায় বৈষম্য হচ্ছে। এছাড়া ক্রেতা প্রতিষ্ঠান দেউলিয়া হওয়ায় রপ্তানি বিল না এলে তিনি আর সুবিধা পাচ্ছেন না। এসব সমস্যা দূর করতে না পারলে প্রকৃত ব্যবসায়ীরা উৎসাহী হবেন না।

কালের কণ্ঠ
সোমবার, ১১ মার্চ ২০২৪

# দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণে নীতির ধারাবাহিকতা প্রয়োজন

নিজস্ব প্রতিবেদক ▷

আগামী ২০২৪-২৫ অর্থবছরের বাজেট দেশের বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। এ জন্য ঢাকা চেম্বার উপস্থাপিত বাজেট প্রস্তাবনা বিশ্লেষণ করে যৌক্তিক প্রস্তাবগুলো বিবেচনা করা হবে। গতকাল রবিবার রাজধানীর শাহবাগে অবস্থিত ইন্টারকন্টিনেন্টাল হোটেলে '২০২৪-২৫ অর্থবছরে বেসরকারি খাতের প্রত্যাশা' শীর্ষক আলোচনাসভায় মন্ত্রী এসব কথা বলেন। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) সভার আয়োজন করে। সহযোগিতা করে দৈনিক সমকাল এবং চ্যানেল ২৪ টিভি। সভায় বক্তারা রাজস্ব কাঠামো সংস্কার ও সহজীকরণসহ দেশি-বিদেশি বিনিয়োগকারীদের মনোযোগ আকর্ষণে দীর্ঘমেয়াদি নীতির ধারাবাহিকতা নিশ্চিত করার দাবি জানান।



ডিসিসিআইয়ের প্রাক বাজেট আলোচনাসভায় অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলীসহ অন্যরা

প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী বলেন, 'আমাদের সরকার বেসরকারি খাতকে অর্থনীতির চালিকাশক্তি হিসেবে বিবেচনা করে। বেসরকারি খাতের প্রবৃদ্ধি এবং উন্নয়নের জন্য সরকার বরাবরই সহায়ক ভূমিকা পালন করে আসছে। আগামী ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রণয়নের ক্ষেত্রেও বেসরকারি খাতের মতামত ও প্রত্যাশাকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে। আমাদের সরকারের লক্ষ্য ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত, সমৃদ্ধ ও টেকসই স্মার্ট দেশ হিসেবে গড়ে তোলা। এই লক্ষ্য অর্জনে বেসরকারি খাতের অংশীদারি অপরিহার্য। বেসকারি খাতের উন্নয়নের মাধ্যমেই দেশের অর্থনীতির উন্নয়ন সম্ভব হবে। মূল্যস্ফীতি কমিয়ে আনার পাশাপাশি বাজার পর্যবেক্ষণে এরই মধ্যে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে, যার সুফল শিগগিরই আসবে। এ ছাড়া আর্থিক খাতে সুশাসন প্রতিষ্ঠা, প্রয়োজনীয় নীতি সংস্কার, দীর্ঘমেয়াদি কৌশল নির্ধারণ, মানবসম্পদের দক্ষতা উন্নয়ন, আমদানি বিকল্প শিল্প খাতের বিকাশ, পণ্যের বহুমুখীকরণ, বিনিয়োগ পরিবেশ উন্নয়ন এবং অভ্যন্তরীণ সম্পদের সুষম ব্যবহারের বিষয়গুলো আগামী বাজেটে প্রাধান্য পাবে।'

মন্ত্রী বলেন, 'আমরা চাই বেসরকারি খাত আরো বেশি শক্তিশালী হোক এবং দেশের অর্থনীতির উন্নয়নে আরো অবদান রাখুক। কিছু কাঠামোগত সংস্কারের জন্য সময়ের প্রয়োজন। আগামী জাতীয় বাজেট বেসরকারি খাতের জন্য একটি উৎসাহব্যঞ্জক বাজেট হবে। আমরা বেসরকারি খাতের সংশ্লিষ্ট ব্যক্তিদের সঙ্গে নিয়মিত আলোচনার মাধ্যমে বিভিন্ন সমস্যা সমাধানে কাজ করে যাচ্ছি।'

ডিসিসিআইয়ের পক্ষে প্রস্তাব তুলে ধরেন সংগঠনটির সভাপতি আশরাফ আহমেদ। তিনি বলেন, দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির গতিধারা অব্যাহত রাখতে রাজস্ব আহরণ বৃদ্ধিতে করজাল সম্প্রসারণ এবং কর ব্যবস্থাপনা সহজীকরণ করা আবশ্যক। এ ছাড়া আয়কর আইন-২০২৩-এর ধারা ১৬৩(২)(খ) থেকে ধারা ৯০ কে অব্যাহতি দেওয়া এবং মূসক আইনের ধারা ৪৬(২)(ক) কে এ ধারা থেকে প্রত্যাহার করে সব উপরকণ ব্যয়ের জন্য রেয়াত দেওয়া প্রয়োজন। একটি টেকসই আর্থিক খাতের জন্য বেশ কিছু আইন ও নীতির সংস্কারের পাশাপাশি খেলাপি ঋণ কমানো, ঝুঁকি ব্যবস্থাপনা, রিজার্ভের ঘাটতি কমানো, ঋণ প্রবাহ বৃদ্ধি ও তারল্যের স্থিতিশীলতা বজায় রাখা জরুরি। সেই সঙ্গে শিল্প খাতে সাশ্রয়ী ও নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিত করা দরকার। শিল্প-বাণিজ্যের প্রসারে উৎপাদন বৃদ্ধি ও রপ্তানি আয় বাড়াতে পণ্য, সেবা ও বাজার বহুমুখীকরণ করতে হবে। রপ্তানিমুখী খাতসহ বিশেষ করে কৃষি, চামড়া, অটোমোবাইল, হালকা প্রকৌশল, ফার্মাসিউটিক্যালস, আইসিটি এবং অন্যান্য উদীয়মান খাতের সম্ভাবনা বাস্তবায়নে জাতীয় বাজেটে বিশেষ সুবিধা দিতে হবে। শিল্প খাতে কমপ্লায়েন্স, সম্ভাবনাময় পণ্য ও বাজার সম্পর্কিত গবেষণা এবং উদ্ভাবনী কার্যক্রমে নীতি ও প্রণোদনা সহায়তা দিতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি, হা-মীম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এবং সংসদ সদস্য এ কে আজাদ বলেন, 'দেশে বর্তমানে বেকার যুবক যাঁদের বয়স ৩৪ বছরের নিচে, তাঁদের সংখ্যা প্রায় দুই কোটি। এঁদের কোনো কাজে আমরা লাগাতে পারছি না। আগে ৯ শতাংশ সুদহারে ঋণ নিয়ে বিনিয়োগ করেছিলাম। এখন আমাদের ১৪ শতাংশ করে দিচ্ছে। এই ৫ শতাংশের জন্য আমরা কিন্তু খেলাপি হয়ে যাব। এই দায়টা কে নেবে? সরকারি হিসাবে খালাপি ঋণ এক লাখ ৩৪ হাজার কোটি টাকা। কিন্তু চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষক মঈনুল হোসেন বলেছেন, এই সংখ্যা দাঁড়াবে চার লাখ কোটি টাকা। এই সংখ্যা আরো বেড়ে যাবে। কেন বাড়বে? আমরা যদি বাংলাদেশ ব্যাংককে স্বয়ংসম্পূর্ণ ও ক্ষমতায়ন না করি।'

তিনি বলেন, কয়েকটি চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট ফার্ম নিয়োগ দিয়ে সব ব্যাংকে তদন্ত করে খেলাপি ঋণের লোকদের তালিকা প্রকাশ করে দিলে মানুষ তাদের ঘৃণা করবে, বয়কট করবে। এই সামাজিক চাপে, ভয়ে তারা টাকাগুলো দিয়ে দেবে। আজকে তাদের জন্য ৯ শতাংশ সুদের জায়গায় ১৪ শতাংশ আমাকে দিতে হবে। আমি কেন দেব? আমি তো দায়ী না। এ জন্য আর্থিক খাতে স্বচ্ছতা ও সুশাসন নিয়ে আসতে হবে।'

অনুষ্ঠানে মো. আবুল কালাম আজাদ বলেন, দেশি-বিদেশি বিনিয়োগকারীদের মনোযোগ আকর্ষণে দীর্ঘমেয়াদি নীতির ধারাবাহিকতা নিশ্চিত করতে হবে। রাজস্ব কাঠামোর সংস্কার, সহজীকরণ এবং শিল্প খাতে সাশ্রয়ী মূল্যে নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিত করতে হবে।

এনবিআর চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিম বলেন, 'সরকারকে কর প্রদান প্রক্রিয়া সহজীকরণ ও করভার কষ্ট লাঘবের মধ্যে সমন্বয় করতে হয়। এরই মধ্যে কর প্রদানের প্রক্রিয়া সহজীকরণের জন্য নানামুখী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ২০২০ সালে ব্যক্তি শ্রেণির করদাতার সংখ্যা ছিল ২১ লাখ। ২০২৪ সালের ফেব্রুয়ারিতে তা ৩৭ লাখে উন্নীত হয়েছে। চলতি অর্থবছরে আশা করি ৪০ লাখে উন্নীত হবে। কর আহরণের পাশাপাশি বেসরকারি খাতকে সহযোগিতা করাই এনবিআরের মূল লক্ষ্য। আমরা আমদানিনির্ভরতা কমিয়ে কিভাবে দেশের উন্নয়ন করা যায়, সে চেষ্টা করে যাচ্ছি।'

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন
সোমবার, ১১ মার্চ ২০২৪

# বেসরকারি খাত প্রসারিত হবে



**জাতীয় বাজেটের কাঠামোগত পরিবর্তনের ওপর গুরুত্ব দেওয়া হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। তিনি বলেন, এতে বেসরকারি খাতের প্রসারে আরও সুযোগ তৈরি** হবে। বেসরকারি খাতের উন্নয়ন ও প্রসারে নিরলসভাবে কাজ করছে সরকার। তবে কিছু কাঠামোগত সংস্কার বাস্তবায়নে সময় প্রয়োজন। গতকাল রাজধানীর একটি হোটেলে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই), সমকাল ও চ্যানেল টোয়েন্টিফোর আয়োজিত প্রাক বাজেট আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন তিনি। ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদের সভাপতিত্বে সভায় বক্তব্য দেন ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজের (এফবিসিসিআই) সাবেক সভাপতি এ কে আজাদ এমপি, জাতীয় সংসদের অর্থ মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটির সদস্য মো. আবুল কালাম আজাদ, জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিম, বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর হাবিবুর রহমান প্রমুখ। দেশের অর্থনীতিতে বেসরকারি খাতের অবদান ক্রমশ বৃদ্ধি পাচ্ছে জানিয়ে অর্থমন্ত্রী বলেন, বর্তমান সরকার বেসরকারি খাতকে দেশের অর্থনীতির চালিকা শক্তি হিসেবে বিবেচনা করে। বেসরকারি খাতের প্রবৃদ্ধি ও উন্নয়নের জন্য আমরা বরাবরই সহায়ক ভূমিকা পালন করে আসছি। আগামী ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রণয়নের ক্ষেত্রেও বেসরকারি খাতের মতামত ও প্রত্যাশাকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে। তিনি বলেন, বর্তমান সরকারের লক্ষ্য হলো ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত, সমৃদ্ধ ও টেকসই স্মার্ট দেশ হিসেবে গড়ে তোলা। এই লক্ষ্য অর্জনে বেসরকারি খাতের অংশীদারি অপরিহার্য। আমরা বিশ্বাস করি, বেসরকারি খাতের উন্নয়নের মাধ্যমেই দেশের অর্থনীতির উন্নয়ন সম্ভব।

আবুল হাসান মাহমুদ আলী বলেন, সরকার বেসরকারি খাতের উন্নয়ন ও প্রসারে নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছে। তার মধ্যে অন্যতম হচ্ছে আয়কর, মুসক ও শুল্ক সংক্রান্ত আইন প্রণয়ন ও সংস্কারের মাধ্যমে কর কাঠামোর সক্ষমতা বৃদ্ধি, অটোমেশন, কর প্রদান প্রক্রিয়া সহজীকরণ, ঋণের সুদ হার যৌক্তিক করা, অবকাঠামো উন্নয়নে বিনিয়োগ বৃদ্ধি এবং ব্যবসায়ীদের জন্য নানা ধরনের প্রণোদনার ব্যবস্থা। তিনি আরও বলেন, এই পদক্ষেপগুলো আরও কী করে সুচারুভাবে বাস্তবায়ন করা যায়, তা নিয়ে আমরা কাজ করছি। আশা করি পদক্ষেপগুলো বেসরকারি খাতের উন্নয়নে সহায়ক হবে। আমরা চাই বেসরকারি খাত আরও বেশি বৃদ্ধি পাক এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে আরও বেশি ভূমিকা পালন করুক।

অর্থমন্ত্রী বলেন, পাইকারি পণ্য ও সেবা পর্যায়ে ইলেকট্রনিক ফিসক্যাল ডিভাইস ম্যানেজমেন্ট সিস্টেমের (ইএফডিএমএস) মাধ্যমে মুসক জাল সম্প্রসারণের পদক্ষেপ নেওয়া হয়েছে। এ লক্ষ্যে ঢাকা ও চট্টগ্রামে প্রাথমিক পর্যায়ে ৭ হাজার এবং ক্রমান্বয়ে ৩ লাখ ইএফডিএমএস মেশিন স্থাপনের জন্য চুক্তি করা হয়েছে একটি বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে।

তিনি আরও বলেন, এসব পদক্ষেপ বাস্তবায়নের জন্য রাজস্ব বৃদ্ধি, সরকারি ব্যয়ে কৃচ্ছ্রসাধন, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, দেশের আর্থিক খাতের সুশাসন প্রতিষ্ঠা, আমদানির বিকল্প শিল্পপ্রতিষ্ঠাসহ অন্যান্য উন্নয়নমূলক কর্মকাণ্ডকে এ বছর বাজেটে বিশেষ গুরুত্ব প্রদান করা হবে। আমরা আশা করি এ পদক্ষেপগুলো বেসরকারি খাতের প্রসারসহ আমাদের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

-নিজস্ব প্রতিবেদক

প্রচার সংখ্যায় সর্বশীর্ষে দৈনিক
জনকণ্ঠ
স্বাতন্ত্র্য ও নিরপেক্ষতায় সচেষ্ট The daily janakantha
সোমবার, ১১ মার্চ ২০২৪

# বেসরকারি খাতের জন্য 'উৎসাহবান্ধব' বাজেট করবে সরকার

**অর্থনৈতিক রিপোর্টার ॥** আসন্ন ২০২৪-২৫ অর্থবছরের বাজেট বেসরকারি খাতের জন্য উৎসাহবান্ধব হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। তিনি বলেন, বিনিয়োগ পরিবেশ উন্নয়নে কার্যকর নীতিমালা প্রণয়ন, সহজ ও দ্রুততম সময়ে সেবা প্রদান এবং অবকাঠামোগত ও মানবসম্পদ উন্নয়নের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এসব পদক্ষেপ বাস্তবায়নের জন্য রাজস্ব বৃদ্ধি, সরকারি ব্যয়ে কৃচ্ছতা সাধন, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, আর্থিক খাতে সুশাসন প্রতিষ্ঠা, আমদানি বিকল্প শিল্প প্রতিষ্ঠাসহ অন্যান্য উন্নয়নমূলক কর্মকাণ্ডকে আগামী বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হবে। রবিবার রাজধানীর একটি পাঁচতারকা হোটেলে এক প্রাকবাজেট আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী এসব কথা বলেন। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রিজ (ডিসিসিআই) এবং সমকাল ও চ্যানেল ২৪ যৌথভাবে আলোচনার আয়োজন করে। এতে ব্যবসায়ীদের পক্ষ থেকে আগামী বাজেটের জন্য বিভিন্ন প্রস্তাব তুলে ধরা হয়। ডিসিসিআইয়ের সভাপতি আশরাফ আহমেদের সঞ্চালনায় আগামী বাজেটকে সামনে রেখে চারটি বিষয়ের ওপর বিভিন্ন প্রস্তাবনা তুলে ধরা হয়। এসব বিষয় হলো- আয়কর ও মূসক, আর্থিক খাত, শিল্প ও বাণিজ্য এবং অবকাঠামো উন্নয়ন। এসব খাতের প্রতিনিধিরা বিদ্যমান বিভিন্ন সমস্যা এবং আগামী বাজেটে প্রত্যাশা তুলে ধরে তা বাস্তবায়নের অনুরোধ করেন। বর্তমান সরকার বেসরকারি খাতকে অর্থনীতির চালিকাশক্তি হিসেবে বিবেচনা করে উল্লেখ করে অর্থমন্ত্রী বলেন, 'বেসরকারি খাতের প্রবৃদ্ধি এবং উন্নয়নের জন্য সরকার বরাবরই সহায়ক ভূমিকা পালন করে আসছে। আগামী বাজেট প্রণয়নের ক্ষেত্রেও বেসরকারি খাতের মতামত ও প্রত্যাশাকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে।' তিনি বলেন, সরকার চায় বেসরকারি খাতের সম্প্রসারণ হোক এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে আরও ভূমিকা রাখুক। বেসরকারি খাতের সমর্থনে রাজস্বক্ষেত্রে সরকারের নেওয়া বেশকিছু সংস্কার কর্মসূচি তুলে ধরেন তিনি।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে অর্থমন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য আবুল কালাম আজাদ বলেন, রাজস্ব নীতির ধারাবাহিকতা না থাকায় যতকিছু করা হচ্ছে না কেন-বিদেশী বিনিয়োগ আসছে না। বাংলাদেশে বিনিয়োগকারীরা অনেক ঝুঁকি নিয়ে বিনিয়োগ করেন।

## প্রাক- বাজেট আলোচনায় অর্থমন্ত্রী

বিদেশীরা ঝুঁকি নিতে চান না। ফলে রাজস্ব নীতির ধারাবাহিকতা দরকার বলে তিনি মন্তব্য করেন। অনুষ্ঠানে জাতীয় সংসদ সদস্য ও এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি এ. কে. আজাদ বিদেশে অর্থ পাচারকারীদের আইনের আওতায় আনার আহ্বান জানিয়ে বলেন, যারা ব্যাংক থেকে টাকা নিয়ে বিনিয়োগ না করে সেই টাকা বিদেশে নিয়ে গেছে তাদেরকে আইনের আওতায় আনতে হবে। তিনি অর্থমন্ত্রীর উদ্দেশ্য বলেন, 'এদের নাম প্রকাশ করুন। তাহলে সামাজিক সম্মান রক্ষায় এরা টাকা ফেরত দেবে।' তিনি বলেন, ৯ শতাংশ সুদে ঋণ নিয়ে ব্যবসায়ীদের এখন ১৪ শতাংশ সুদ গুণতে হচ্ছে। বাড়তি এই সুদের কারণে অনেকে খেলাপি হয়ে পড়বে বলে তিনি আশঙ্কা প্রকাশ করেন। অনুষ্ঠানে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিম বলেন, করের আওতা বাড়ানোর বিষয়টি যত সহজে বলা হয় বিষয়টি অত সহজ না। তবে কর আহরণ এনবিআরের একমাত্র লক্ষ্য না। এরইমধ্যে বিভিন্ন খাতে কর হার কমানো হয়েছে। আবার ব্যক্তি করদাতার সংখ্যা ২০২০ সালের ২১ লাখ থেকে গত ফেব্রুয়ারি পর্যন্ত ৩৭ লাখে উন্নীত করা হয়েছে। বি-আইনধারী ভ্যাটদাতা প্রতিষ্ঠানের সংখ্যা ২০২০ সালের ২ লাখ থেকে ৫ লাখে উন্নীত করা হয়েছে। তিনি বলেন, আমদানি নির্ভরতা কমিয়ে কিভাবে দেশের মধ্যে উৎপাদন বাড়ানো যায় সে ধরনের কর নীতি নেওয়া হয়েছে। এনবিআর চেয়ারম্যান বলেন, রাজস্ব আহরণ বাড়াতে ৫০ লাখ টাকার পরিবর্তে ১০ লাখ বা তার বেশি মূসক পরিশোধে মূসক পরিশোধে ই-পেমেন্ট, ই-চালান বাধ্যতামূলক করার পর তিন লাখ ইএফডিএমএস মেশিন স্থাপন করতে যাচ্ছে রাজস্ববোর্ড। পাইকারি পণ্য ও সেবা পর্যায়ে ইএফডিএমএসের মাধ্যমে মূসক জাল সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা ও চট্টগ্রামে প্রাথমিক পর্যায়ে সাত হাজার এবং ক্রমান্বয়ে তিন লাখ ইএফডিএমএস মেশিন স্থাপনের লক্ষ্যে বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি করা হয়েছে। একইসঙ্গে বিনিয়োগের পরিবেশ উন্নয়ন, কার্যকর নীতিমালা প্রণয়ন, সহজ ও দ্রুততম সময়ে সেবা প্রদান, কার্যকর অবকাঠামোগত ও মানবসম্পদ উন্নয়নের কার্যক্রম নেওয়া হচ্ছে।

সত্যের সন্ধানে নির্ভীক
THE DAILY JUGANTOR
যুগান্তর
সোমবার, ১১ মার্চ ২০২৪

ডিসিসিআই'র প্রাক-বাজেট আলোচনা

# আগামী বাজেট উৎসাহব্যঞ্জক হবে : অর্থমন্ত্রী

যুগান্তর প্রতিবেদন

আগামী অর্থবছরের (২০২৪-২৫) বাজেটে বেসরকারি খাতের মতামত ও প্রত্যাশাকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে। আগামী বাজেট হবে বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক। অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী এসব কথা বলেছেন। তিনি বলেন, বেসরকারি খাত অর্থনীতির চালিকাশক্তি। এ খাতের প্রবৃদ্ধি ও উন্নয়নের জন্য সরকার বরাবরই সহায়ক ভূমিকা পালন করে আসছে। আগামী বাজেট প্রণয়নের ক্ষেত্রেও বেসরকারি খাতের মতামত ও প্রত্যাশাকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে।

রোবাবর রাজধানীর একটি হোটেলে 'প্রাক-বাজেট আলোচনা : বেসরকারি খাতের প্রত্যাশা' শীর্ষক এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), দৈনিক সমকাল এবং চ্যানেল ২৪ যৌথভাবে এ মতবিনিময় সভার আয়োজন করে। অর্থমন্ত্রী বলেন, বেসরকারি খাতের উন্নয়ন ও প্রসারে সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। প্রবৃদ্ধি ত্বরান্বিত করতে কিছু কাঠামোগত সংস্কার বাস্তবায়নে সময় প্রয়োজন। রাজস্ব আয় বৃদ্ধি, সরকারি ব্যয়ে কৃচ্ছ সাধন, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, আর্থিক খাতের সুশাসন প্রতিষ্ঠা, আমদানির বিকল্প শিল্প প্রতিষ্ঠাসহ অন্যান্য উন্নয়নমূলক কর্মকাণ্ডকে এ বছর বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হবে। আশা করি, এ পদক্ষেপগুলো বেসরকারি খাতের প্রসারসহ সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদের সভাপতিত্বে সভায় বক্তব্য দেন এফবিসিসিআই-এর সাবেক সভাপতি ও সংসদ-সদস্য এ কে আজাদ, জাতীয় সংসদের অর্থ মন্ত্রণালয়সংক্রান্ত স্থায়ী কমিটির সদস্য আবুল কালাম আজাদ, এনবিআর-এর চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিম, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ, বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর হাবিবুর রহমান প্রমুখ।

সংসদ-সদস্য ও সাবেক এফবিসিসিআই সভাপতি এ কে আজাদ বলেন, ব্যাংক খাতে সুশাসন নিশ্চিত করতে হলে বাংলাদেশ ব্যাংকের ক্ষমতায়ন করতে হবে। এক ব্যক্তি ব্যাংক থেকে ১২০০ কোটি টাকা নিয়ে দেশের বাইরে চলে গেল, এটা নিয়ে অভিযোগের পরও বাংলাদেশ ব্যাংক এখন পর্যন্ত কোনো পদক্ষেপ নেয়নি। প্রতিবেদন দাখিল করতে পারেনি। ব্যাংক খাতে এখন ১ লাখ ৪৫ হাজার কোটি টাকার খেলাপি ঋণ দেখানো হচ্ছে। তবে অর্থনীতিবিদদের মতে, এটি প্রায় ৪ লাখ কোটি টাকার খেলাপি ঋণ। বিভিন্ন ড্রেসিংয়ের মাধ্যমে অনেক খেলাপি ঋণ নিয়মিত দেখানোর প্রবণতা রয়েছে।

তিনি আরও বলেন, ৯ শতাংশ সুদে ঋণ নিয়ে এখন ১৪ শতাংশ গুনতে হচ্ছে। বাড়তি এ সুদের কারণে অনেকে খেলাপি হয়ে পড়বে। আবার ডলারের সরকারি দর ১১০ টাকা বলা হলেও আমদানির সময় কিনতে হচ্ছে ১২৪ টাকায়।

বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. হাবিবুর রহমান বলেন, বহির্বিশ্বের অর্থনীতির সঙ্গে জড়িত অনেক কারণে আমাদের অর্থনীতিতে নেতিবাচক প্রভাব পড়েছে। এর মধ্যে মূলস্ফীতি ও খেলাপিতে এই প্রভাব বেশি পড়েছে।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ বলেন, প্রবৃদ্ধির ধারাবাহিকতা অব্যাহত রাখতে স্থানীয় বিনিয়োগ বৃদ্ধির কোনো বিকল্প নেই। তাই উদ্যোক্তাদের বিকাশে সর্বাত্মক নীতিসহায়তা অব্যাহত থাকবে।

মুক্ত প্রাণের প্রতিধ্বনি
ভোরের কাগজ
সোমবার, ১১ মার্চ ২০২৪

## অর্থমন্ত্রী এ এইচ মাহমুদ আলী

# এবারের বাজেট বেসরকারি খাতের জন্য উৎসাহবান্ধব

**কাগজ প্রতিবেদক :** আসন্ন ২০২৪-২৫ অর্থবছরের বাজেট বেসরকারি খাতের জন্য উৎসাহবান্ধব বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। তিনি বলেছেন, আমরা বিশ্বাস করি, বেসরকারি খাতের উন্নয়নের মাধ্যমে দেশের অর্থনীতির উন্নয়ন সম্ভব হবে। আমরা বেসরকারি খাতের সঙ্গে আলোচনার মাধ্যমে তাদের সমস্যা সমাধানে কাজ করে যাচ্ছি। আমরা চাই, বেসরকারি খাত আরো বেশি বাড়ুক, দেশের অর্থনৈতিক উন্নয়নে আরো বেশি ভূমিকা রাখুক। সরকারি-বেসরকারি খাত একসঙ্গে কাজ করে বাংলাদেশকে আরো সমৃদ্ধির দিকে এগিয়ে নিয়ে যাবে।

রাজধানীর একটি হোটেলে গতকাল রবিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'প্রাক-বাজেট আলোচনা ২০২৪-২৫ বেসরকারি খাতের প্রত্যাশা' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ঢাকা চেম্বারের সভাপতি আশরাফ আহমেদ সঞ্চালনায় অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন এফবিসিসিআই সভাপতি মাহবুবুল আলম, জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিম, ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদ, এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি ও হা-মীম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এ কে আজাদ, জাতীয় সংসদের অর্থ মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটির সদস্য মো. আবুল কালাম আজাদ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ এবং বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. মো. হাবিবুর রহমান।

অর্থমন্ত্রী বলেন, দেশের বেসরকারি খাত অর্থনৈতিক সমৃদ্ধির অগ্রযাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে এবং বিষয়টি বিবেচনায় রেখে আগামী বাজেটে বেসরকারি খাত থেকে প্রাপ্ত সুপারিশগুলো বিবেচনা করা হবে। এছাড়া আর্থিক খাতে সুশাসন প্রতিষ্ঠা, প্রয়োজনীয় নীতি সংস্কার, দীর্ঘমেয়াদি কৌশল নির্ধারণ, মানবসম্পদের দক্ষতা উন্নয়ন, আমদানি বিকল্প শিল্প খাতের বিকাশ, পণ্যের বহুমুখীকরণ, বিনিয়োগ পরিবেশ উন্নয়ন এবং অভ্যন্তরীণ সম্পদের সুষম ব্যবহার প্রভৃতি বিষয়গুলো আগামী বাজেটে প্রাধান্য পাবে।

তিনি বলেন, সাম্প্রতিক সময়ে অর্থনীতির ক্ষেত্রে আমরা বেশ কিছু সমস্যার সম্মুখীন হয়েছি। তবে আশার বিষয় হলো- আমরা তা কাটিয়ে সামনের দিকে এগিয়ে যাচ্ছি। রেমিট্যান্স গত বছরের তুলনায় চলতি বছর বেড়েছে। ডলারের বিপরীতে টাকার মান স্থিতিশীল রয়েছে। বাজেট ঘাটতি কমিয়ে মুদ্রার বিনিময় হার স্থিতিশীল রাখার লক্ষ্যে সরকার কাজ করছে।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি আশরাফ আহমেদ বলেন, দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির গতিধারা অব্যাহত রাখতে রাজস্ব আহরণ বাড়াতে করজাল সম্প্রসারণ এবং কর ব্যবস্থাপনার সহজীকরণ করা আবশ্যক। এছাড়াও আয়কর আইন-২০২৩ এর ধারা ১৬৩(২)(খ) হতে ধারা ৯০কে অব্যাহতি দেয়া এবং মূসক আইনের ধারা ৪৬(২)(ক) কে এ ধারা থেকে প্রত্যাহার করে সব উপকরণ ব্যয়ের জন্য রেয়াত দেয়া প্রয়োজন।

তিনি বলেন, একটি টেকসই আর্থিক খাতের জন্য বেশ কিছু আইন ও নীতির সংস্কারের পাশাপাশি খেলাপি ঋণ কমানো, ঝুঁকি ব্যবস্থাপনা, রিজার্ভের ঘাটতি কমানো, ঋণ প্রবাহ বৃদ্ধি ও তারল্যের স্থিতিশীলতা বজায় রাখা জরুরি।

এছাড়া শিল্প ও বাণিজ্যের প্রসারে উৎপাদন বাড়ানো ও রপ্তানি আয় বাড়াতে পণ্য, সেবা ও বাজার বহুমুখীকরণ, রপ্তানিমুখী খাতসহ বিশেষ করে কৃষি, চামড়া, অটোমোবাইল, হালকা প্রকৌশল, ফার্মাসিউটিক্যালস, আইসিটি এবং অন্যান্য উদীয়মান খাতের সম্ভাবনা বাস্তবায়নে জাতীয় বাজেটে বিশেষ সুবিধা দেয়া, শিল্প খাতে কমপ্লায়েন্স, সম্ভাবনাময় পণ্য ও বাজার সম্পর্কিত গবেষণা এবং উদ্ভাবনী কার্যক্রমে নীতি ও প্রণোদনা সহায়তার জানান তিনি।

হা-মীম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এ কে আজাদ বলেন, সুদের হার ক্রমাগত বাড়তে থাকলে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করা কষ্টসাধ্য হবে। এছাড়া আর্থিক খাতে সুশাসন এবং বাংলাদেশ ব্যাংকের আরো ক্ষমতায়নের ওপর তিনি জোরারোপ করেন। সেই সঙ্গে সরকারি প্রকল্পগুলোকে যথাসময়ে বাস্তবায়নের তাগিদ দেন তিনি, যার মাধ্যমে সরকারি অর্থের কৃচ্ছ্র সাধন সম্ভব হবে। মো. আবুল কালাম আজাদ বলেন, দেশি-বিদেশি বিনিয়োগকারীদের মনোযোগ আকর্ষণে দীর্ঘমেয়াদি নীতির ধারাবাহিকতা নিশ্চিত করতে হবে। এছাড়াও রাজস্ব কাঠামোর সংস্কার ও সহজীকরণ এবং শিল্প খাতে সাশ্রয়ীমূল্যে নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিত করতে হবে।

এনবিআর চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিম বলেন, সরকারকে কর দেয়ার প্রক্রিয়া সহজীকরণ ও করভার লাঘবের মধ্যে সমন্বয় করতে হয় এবং ইতোমধ্যে কর দেয়ার প্রক্রিয়া সহজীকরণের জন্য নানামুখী উদ্যোগ নেয়া হয়েছে। ফলে ২০২০ সালে ব্যক্তি শ্রেণির করদাতার সংখ্যা যেখানে ছিল ২১ লাখ, সেখানে ২০২৪ সালের ফেব্রুয়ারিতে তা ৩৭ লাখে উন্নীত হয়েছে। কর আহরণের পাশাপাশি বেসরকারি খাতকে সহযোগিতা দেয়াই এনবিআরের মূল লক্ষ্য বলে অভিমত ব্যক্ত করেন তিনি।

দৈনিক বাংলা

সোমবার, ১১ মার্চ ২০২৪

# আগামী বাজেট হবে বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক

**অর্থমন্ত্রী**

**বাসস**

সার্বিকভাবে আগামী ২০২৪-২৫ অর্থবছরের বাজেট বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী।

গতকাল রাজধানীর একটি পাঁচতারকা হোটেলে এক প্রাক-বাজেট আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী এ কথা বলেন।

তিনি বলেন, 'বিনিয়োগ পরিবেশ উন্নয়নে কার্যকর নীতিমালা প্রণয়ন, সহজ ও দ্রুততম সময়ে সেবা প্রদান এবং অবকাঠামোগত ও মানবসম্পদ উন্নয়নের কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। এসব পদক্ষেপ বাস্তবায়নের জন্য রাজস্ব বৃদ্ধি, সরকারি ব্যয়ে কৃচ্ছ্রতা সাধন, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, আর্থিক খাতে সুশাসন প্রতিষ্ঠা, আমদানির বিকল্প শিল্প প্রতিষ্ঠাসহ অন্যান্য উন্নয়নমূলক কর্মকাণ্ডকে আগামী বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হবে।'



> সরকার চায় বেসরকারি খাতের সম্প্রসারণ হোক এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে আরও ভূমিকা রাখুক

অর্থমন্ত্রী বলেন, 'এসব উদ্যোগ বেসরকারি খাতের প্রসারসহ দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সার্বিকভাবে আগামী বাজেট হবে বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক।'

বর্তমান সরকার বেসরকারি খাতকে অর্থনীতির চালিকাশক্তি হিসেবে বিবেচনা করে উল্লেখ করে আবুল হাসান মাহমুদ আলী বলেন, 'বেসরকারি খাতের প্রবৃদ্ধি এবং উন্নয়নের জন্য সরকার বরাবরই সহায়ক ভূমিকা পালন করে আসছে। আগামী বাজেট প্রণয়নের ক্ষেত্রেও বেসরকারি খাতের মতামত ও প্রত্যাশাকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে।'

তিনি বলেন, সরকার চায় বেসরকারি খাতের সম্প্রসারণ হোক এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে আরও ভূমিকা রাখুক। বেসরকারি খাতের সমর্থনে রাজস্ব ক্ষেত্রে সরকারের নেওয়া বেশ কিছু সংস্কার কর্মসূচি তুলে ধরেন তিনি।

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য আবুল কালাম আজাদ বলেন, রাজস্ব নীতির ধারাবাহিকতা না থাকায় যত কিছু করা হচ্ছে না কেন-বিদেশি বিনিয়োগ আসছে না। বাংলাদেশে বিনিয়োগকারীরা অনেক ঝুঁকি নিয়ে বিনিয়োগ করেন। বিদেশিরা ঝুঁকি নিতে চান না। ফলে রাজস্ব নীতির ধারাবাহিকতা দরকার বলে তিনি মন্তব্য করেন।

অনুষ্ঠানে জাতীয় সংসদ সদস্য ও এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি এ. কে. আজাদ বিদেশে অর্থ পাচারকারীদের আইনের আওতায় আনার আহবান জানান। তিনি বলেন, 'যারা ব্যাংক থেকে টাকা নিয়ে বিনিয়োগ না করে সেই টাকা বিদেশে নিয়ে গেছে তাদেরকে আইনের আওতায় আনতে হবে।' তিনি অর্থমন্ত্রীর উদ্দেশ্য বলেন, 'এদের নাম প্রকাশ করুন। তাহলে সামাজিক সম্মান রক্ষায় এরা টাকা ফেরত দেবে।'

তিনি বলেন, ৯ শতাংশ সুদে ঋণ নিয়ে ব্যবসায়ীদের এখন ১৪ শতাংশ সুদ গুনতে হচ্ছে। বাড়তি এই সুদের কারণে অনেকে খেলাপি হয়ে পড়বে বলেও তিনি আশঙ্কা প্রকাশ করেন।

অনুষ্ঠানে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিম বলেন, 'করের আওতা বাড়ানোর বিষয়টি যত সহজে বলা হয় বিষয়টি অত সহজ না। তবে কর আহরণ এনবিআরের একমাত্র লক্ষ্য নয়। এরই মধ্যে বিভিন্ন খাতে কর হার কমানো হয়েছে। আবার ব্যক্তি করদাতার সংখ্যা ২০২০ সালের ২১ লাখ থেকে গত ফেব্রুয়ারি পর্যন্ত ৩৭ লাখে উন্নীত করা হয়েছে। বিআইনধারী ভ্যাটদাতা প্রতিষ্ঠানের সংখ্যা ২০২০ সালের ২ লাখ থেকে ৫ লাখে উন্নীত করা হয়েছে।'

তিনি বলেন, 'আমদানিনির্ভরতা কমিয়ে কীভাবে দেশের মধ্যে উৎপাদন বাড়ানো যায়, সে ধরনের করনীতি নেওয়া হয়েছে। উচ্চমূল্যের পণ্য উৎপাদনে বিভিন্ন ধরনের কর রেয়াত দেওয়া হচ্ছে। এরই মধ্যে মোবাইল, টেলিভিশন, ফ্রিজ, এসির উৎপাদন বেড়েছে। এখন লিফট, ফোর হুইলারের উৎপাদন বাড়ানোর ওপর জোর দেওয়া হয়েছে।'

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ বলেন, 'খেলাপি ঋণ কমিয়ে আনতে ব্যাংক কোম্পানি আইনের সংশোধন করা হয়েছে। অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি গঠনও উদ্যোগ নেওয়া হয়েছে। এ ছাড়া কিছু ব্যাংক একীভূত করার যে উদ্যোগ নেওয়া হয়েছে সেটিও যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে হবে। তাছাড়া ব্যাংক খাতে সুশাসন প্রতিষ্ঠায় রোডম্যাপ অনুযায়ী কার্যক্রম শুরু হয়েছে।'

বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. মো. হাবিবুর রহমান বলেন, 'বিশ্বের বিভিন্ন দেশের মতো বাংলাদেশের অর্থনীতিতে কিছু চ্যালেঞ্জ তৈরি হয়েছে। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, বিনিময় হার স্থিতিশীল রাখা, খেলাপি ঋণ কমানোর ওপর জোর দেওয়া হয়েছে। এখন মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের জন্য সুদহার বাড়ানোর কোনো বিকল্প নেই।'

দেশ রূপান্তর

সোমবার, ১১ মার্চ ২০২৪

# সুদহার আইএমএফের চাপে বাড়ানো হয়নি

নিজস্ব প্রতিবেদক

**ডেপুটি গভর্নর**

বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. হাবিবুর রহমান বলেছেন, আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) চাপে সুদহার বাড়ানো হয়নি। এটা নিয়ে অভিযোগ করা ঠিক নয়। আমরা সফটলি, ধীরে ধীরে বাড়িয়েছি। গতকাল রবিবার রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে 'প্রাক-বাজেট আলোচনা : বেসরকারি খাতের প্রত্যাশা' শীর্ষক এক মতবিনিময় সভায় তিনি এসব কথা বলেন। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), দৈনিক সমকাল এবং চ্যানেল টোয়েন্টিফোর যৌথভাবে এ সভা আয়োজন করে।

ডেপুটি গভর্নর বলেন, বাইরের অর্থনীতির সঙ্গে জড়িত অনেক কিছু আমাদের অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলেছে। তার মধ্যে মূল্যস্ফীতি ও খেলাপিতে এ প্রভাব বেশি পড়েছে। সুদের হারের সিঙ্গেল ডিজিটের ক্যাপটি ব্যবসায়ীদের স্বার্থে দেরিতে তুলে নিয়েছি। তিনি বলেন, আমরা সুদের হার বাড়িয়েছি, কিন্তু সেটা সফটলি এবং ধীরগতিতে বাড়ানো হয়েছে। যদিও বলা হয়ে থাকে আইএমএফের চাপে বাড়ানো হয়েছে, তবে এটা নিয়ে অভিযোগ করা ঠিক নয়। অন্যদিকে বেসরকারি খাতে যে ঋণ কম বিতরণ করা হচ্ছে সে কথাটিও সঠিক নয়। কারণ, যে ঋণ বিতরণ করা হচ্ছে তার মোট ৮০ ভাগ বেসরকারি খাতে বিতরণ করা হচ্ছে।

সম্মানিত অতিথির বক্তব্যে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিম বলেন, করের আওতা বাড়ানোর বিষয়টি যত সহজে বলা হয়, বিষয়টি তত সহজ নয়। তবে কর আহরণ এনবিআরের একমাত্র লক্ষ্য নয়। এরই মধ্যে বিভিন্ন খাতে করহার কমানো হয়েছে। ব্যক্তি করদাতার সংখ্যা ২০২০ সালের ২১ লাখ থেকে গত ফেব্রুয়ারি পর্যন্ত ৩৭ লাখে উন্নীত করা হয়েছে। বিআইনধারী ভ্যাটদাতা প্রতিষ্ঠানের সংখ্যা ২০২০ সালের ২ লাখ থেকে এখন ৫ লাখে উন্নীত করা হয়েছে। তিনি বলেন, আমদানিনির্ভরতা কমিয়ে কীভাবে দেশের মধ্যে উৎপাদন বাড়ানো যায় সে ধরনের করনীতি নেওয়া হয়েছে। উচ্চমূল্য সংযোজিত রপ্তানি পণ্য উৎপাদনে বিভিন্ন ধরনের ছাড় দেওয়া হচ্ছে। সরকারের নীতির কারণে এরই মধ্যে মোবাইল, টেলিভিশন, ফ্রিজ এবং এসির উৎপাদন বেড়েছে। এসব পণ্যের ৯৫ শতাংশ দেশেই উৎপাদিত হচ্ছে। লিফট, ফোর-হুইলারের উৎপাদন বাড়ানোর ওপর নীতি সহায়তা দেওয়া হচ্ছে।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ বলেন, খেলাপি ঋণ কমিয়ে আনতে ব্যাংক কোম্পানি আইনের সংশোধন করা হয়েছে। এ ছাড়া অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি গঠনও উদ্যোগ নেওয়া হয়েছে। কিছু ব্যাংক একীভূত করার যে উদ্যোগ নেওয়া হয়েছে, তা যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে হবে। ব্যাংক খাতে সুশাসন প্রতিষ্ঠায় রোডম্যাপ অনুযায়ী কার্যক্রম শুরু হয়েছে। অচিরেই ব্যাংক খাতের অবস্থা আরও ভালো হবে। এ ছাড়া বন্ড মার্কেটকে শক্তিশালী করার পাশাপাশি পুঁজিবাজারের উন্নয়নেও বেশ কিছু উদ্যোগ নেওয়া হয়েছে।

আইসিসি বাংলাদেশের সভাপতি মাহবুবুর রহমানসহ ব্যবসায়ী নেতারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বক্তব্য রাখেন ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আফতাবুল ইসলাম, রিজওয়ান রহমান, ব্যারিস্টার সামীর সাত্তার, শামস মাহমুদ, বিকেএমইএর নির্বাহী সভাপতি মোহাম্মদ হাতেম, গবেষণা সংস্থা পলিসি এক্সচেঞ্জের চেয়ারম্যান ড. এম মাশরুর রিয়াজ প্রমুখ।

দেশ রূপান্তর

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB
সোমবার, ১১ মার্চ ২০২৪

# গণমাধ্যমে ঋণখেলাপিদের নাম প্রচারের দাবি

**স্টাফ রিপোর্টার :** ব্যাংক থেকে যারা টাকা নিয়ে ফেরত দেয় না, বিদেশে পাচার করে এমন ঋণখেলাপিদের নাম গণমাধ্যমে প্রচারের দাবি জানিয়েছেন ব্যবসায়ী নেতারা।

তারা বলেন, খেলাপি ঋণের জন্য ঢালাওভাবে ব্যবসায়ীদের দোষ দেওয়া হয়, নিত্যপণ্যের দাম বাড়লে ঢালাওভাবে ব্যবসায়ীদের দোষ দেওয়া হয়। যারা সৎ ব্যবসায়ী তারা ব্যাংকের টাকা নিয়ে ফেরত দেয়, ট্যাক্স দেয়, তারা এসব কথা শুনতে চায় না। গতকাল রোববার রাজধানীর একটি হোটেলে প্রাকবাজেট আলোচনায় ব্যবসায়ী নেতারা এসব কথা বলেন। বিষয়টি বের করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার পাশাপাশি গণমাধ্যমে তাদের নাম প্রচারের প্রস্তাব করেন হা-মীম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও এফবিসিসিআই'র সাবেক সভাপতি এ কে আজাদ।

বিশেষ অথিতির বক্তব্যে তিনি বলেন, ঋণের বাড়তি সুদের কারণে নতুন করে অনেক খেলাপি হবে। কম হারে ঋণ নিয়ে বেশি হারে সুদ দেওয়ায় বাড়তি ঋণখেলাপি হবে। ব্যসায়ীরা এক ব্যাংক থেকে ঋণ নিয় আরেক ব্যাংকের ঋণ পরিশোধ করছে। এভাবে চলতে থাকলে ঋণের বোঝা আরও বাড়বে। খেলাপি ঋণ আদায়ে সক্ষম অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি দরকার। এজন্য অ্যাসেট কোম্পানির আইন করা হচ্ছে বলে উল্লেখ করেন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ।

তিনি বলেন. এক ব্যাংক আরেক ব্যাংকের সঙ্গে যুক্ত করা নিয়ে যেসব সংশয়ের কথা বলেন, এটা হঠাৎ করে কোনো বিষয় নয়। পরীক্ষা-নিরীক্ষা, পর্যালোচনা হচ্ছে। বিভিন্ন দিক বিশ্লেষণ করে এটা করা হবে। এ বিষয়ে কাজ করা হচ্ছে। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে রাখার লক্ষ্যকে সামনে রেখে মুদ্রানীতি প্রণয়ন করা হয়েছে। তার ওপর ভিত্তি করে সুদহার বাড়ানো হচ্ছে। ব্যবসায়ীদের রক্ষা করে ব্যবসা-বাণিজ্য সচল রাখতে এ নীতি গ্রহণ করা হয়েছে।

আলোচনায় আয়কর ও মূসক, আর্থিক খাত, শিল্প ও বাণিজ্য এবং অবকাঠামো সম্পর্কিত প্রস্তাব তুলে ধরেন ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদ।

আগামী বাজেটে আয়কর আইন-২০১৩ এর ধারা ১৬৩ (২) (খ) হতে ধারা ৯০ অব্যাহতি দেওয়া; বেসরকারি প্রতিষ্ঠানের স্বীকৃত ভবিষ্যৎ তহবিল এবং অনুমোদিত বার্ধক্য তহবিল হতে প্রাপ্ত আয়কে সরকারি কর্মচারীদের অনুরূপ করমুক্ত ঘোষণা করতে হবে; উপযুক্ত প্রমাণাদি উপস্থাপন সাপেক্ষে সকল ব্যবসায়িক খরচের সম্পূর্ণ অংশ বিয়োজনযোগ্য হিসেবে বিবেচনা করতে হবে; ১৬২(১) ধারায় কর দিবসের পূর্বে রিটার্ন দাখিল করা না হইলে ৫০ শতাংশের অধিক হারে সুদ গ্রহণের বিধান বাতিল করতে হবে; মূসক আইনের ধারা ৪৬ (২) (ক) এ ধারা থেকে প্রত্যাহার করে সকল উপরকরণ ব্যয়ের জন্য রেয়াতযোগ্য প্রদান করতে হবে।

মন্দ ঋণ কমানোর জন্য আর্থিক খাতে সুশাসন প্রতিষ্ঠা, আরবিট্রেশন আইন বাস্তবায়ন ও অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানিকে দায়িত্ব প্রদান করা; বর্তমান অর্থনৈতিক পরিস্থিতি বিবেচনায় সিএমএসএমই ব্যবসায়ীদের জন্য প্রণোদনা প্যাকেজের অবশিষ্ট ফান্ড সহজ শর্তে বিতরণ; বেসরকারি খাতের ঋণ প্রবাহ বৃদ্ধি এবং দীর্ঘমেয়াদী অর্থায়ন নিশ্চিত করার জন্য শেয়ারবাজারের মাধ্যমে প্রিমিয়াম সরকারি বন্ড, অবকাঠামো বন্ড ও অন্যান্য কার্যক্রম চালু করতে হবে।

আকর্ষণীয় অবকাঠামো প্রকল্পগুলো পিপিপির অধীনে বাস্তবায়ন এবং প্রকল্পগুলো অনুমোদন প্রক্রিয়ায় বিশ্লেষণের ওপর ভিত্তি করে পদক্ষেপ গ্রহণ। দীর্ঘমেয়াদী বন্ড, অবকাঠামো উন্নয়নে বিদেশি ও বেসরকারি বিনিয়োগ আকৃষ্ট করণে বিনিয়োগকারীদের বিভিন্ন ধরনের প্রণোদনা প্রদান করা এবং শিল্পক্ষেত্রে সাশ্রয়ী ও নিরবিচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিত করার ব্যবস্থা করতে হবে।

কালবেলা
সোমবার, ১১ মার্চ ২০২৪

# বেসরকারি খাতের জন্য আগামী বাজেট হবে উৎসাহব্যঞ্জক

বিনিয়োগের পরিবেশ উন্নয়নে কার্যকর নীতিমালা প্রণয়ন, সহজ ও দ্রুততম সময়ে সেবা প্রদান, কার্যকরী অবকাঠামোগত ও মানবসম্পদ উন্নয়নের কার্যক্রম হাতে নেওয়া হচ্ছে

**প্রাক-বাজেট আলোচনায় অর্থমন্ত্রী**

**কালবেলা প্রতিবেদক**

অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, ২০২৪-২৫ অর্থবছরের বাজেট হবে বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক। বাজেট প্রণয়নে বেসরকারি খাতের প্রত্যাশা গুরুত্ব পাবে। গতকাল রোববার রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে অনুষ্ঠিত এক প্রাক-বাজেট আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত এ আলোচনায় সহযোগিতা করে দৈনিক সমকাল এবং চ্যানেল টোয়েন্টিফোর। ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদের সঞ্চালনায় আগামী বাজেট সামনে রেখে চারটি বিষয়ের ওপর আলোচনা হয়। এগুলো হলো আয়কর ও মূসক, আর্থিক খাত, শিল্প ও বাণিজ্য এবং অবকাঠামো উন্নয়ন।

অর্থমন্ত্রী বলেন, বিনিয়োগের পরিবেশ উন্নয়নে কার্যকর নীতিমালা প্রণয়ন, সহজ ও দ্রুততম সময়ে সেবা প্রদান, কার্যকরী অবকাঠামোগত ও মানবসম্পদ উন্নয়নের কার্যক্রম হাতে নেওয়া হচ্ছে। এসব পদক্ষেপ বাস্তবায়নে রাজস্ব বৃদ্ধি, সরকারি ব্যয়ে কৃচ্ছ্রসাধন, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, আর্থিক খাতে সুশাসন প্রতিষ্ঠা, আমদানি বিকল্প শিল্পপ্রতিষ্ঠাসহ অন্যান্য উন্নয়নমূলক কর্মকাণ্ডকে আগামী বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হবে। এসব উদ্যোগ বেসরকারি খাতের প্রসারসহ দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সার্বিকভাবে আগামী বাজেট হবে বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক।

অর্থ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য মো. আবুল কালাম আজাদ এমপি বলেন, বাংলাদেশের বিনিয়োগকারীরা অনেক ঝুঁকি নিয়ে বিনিয়োগ করেন। বিদেশিরা ঝুঁকি নিতে চান না। তাই করের ক্ষেত্রে নীতির ধারাবাহিকতা দরকার। বিনিয়োগ বাড়াতে বন্ড ও বীমা খাতের উন্নয়ন প্রয়োজন। কর ব্যবস্থার আরও সহজীকরণ দরকার। বাজেট বাস্তবায়নের সক্ষমতাও বাড়াতে হবে।

এফবিসিসিআইর সাবেক সভাপতি এ. কে. আজাদ এমপি বলেন, অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের জন্য কর্মসংস্থান বাড়ানোর বিকল্প নেই। এ ক্ষেত্রে দক্ষ জনশক্তি গড়ে তুলতে হবে। দেশে ১ লাখ ২৫ হাজার বিদেশি নাগরিক কাজ করে। আমাদের বিশ্ববিদ্যালয়গুলোতে এখনো এমন কিছু বিষয় পড়ানো হয়, যেগুলো কর্মসংস্থানে ভূমিকা রাখতে পারছে না। কর্মসংস্থান, রাজস্ব আয় বৃদ্ধি এবং বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে হলে সুশাসনের বিকল্প নেই। ৯ শতাংশ সুদে ঋণ নিয়ে এখন ১৪ শতাংশ গুনতে হচ্ছে। বাড়তি এই সুদের কারণে অনেকে খেলাপি হয়ে পড়বে। ডলারের সরকারি দর ১১০ টাকা বলা হলেও আমদানিতে কিনতে হচ্ছে ১২৪ টাকায়। কাস্টমস কর্তৃপক্ষ ১২৪ টাকা ধরে শুল্কায়ন করছে। এই অবস্থার অবসান দরকার। যারা ঋণের নামে ব্যাংক থেকে টাকা নিয়ে বাইরে নিয়ে গেছে, তাদের ধরতে হবে। ব্যাংক খাতে সুশাসন নিশ্চিত করতে বাংলাদেশ ব্যাংককে স্বাধীনতা দিতে হবে।

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিম বলেন, করের আওতা বাড়ানোর বিষয়টি যত সহজে বলা হয়, বিষয়টি তত সহজ নয়। তবে কর আহরণ এনবিআরের একমাত্র লক্ষ্য নয়। এরই মধ্যে বিভিন্ন খাতে করহার কমানো হয়েছে। ব্যক্তি করদাতার সংখ্যা ২০২০ সালের ২১ লাখ থেকে গত ফেব্রুয়ারি পর্যন্ত ৩৭ লাখে উন্নীত করা হয়েছে। বিআইএনধারী ভ্যাটদাতা প্রতিষ্ঠানের সংখ্যা ২০২০ সালে ছিল ২ লাখ। এখন তা ৫ লাখে উন্নীত হয়েছে। আমদানি নির্ভরতা কমিয়ে কীভাবে দেশে উৎপাদন বাড়ানো যায়, সে ধরনের করনীতি নেওয়া হয়েছে। উচ্চ মূল্য সংযোজিত রপ্তানি পণ্য উৎপাদনে বিভিন্ন ধরনের ছাড় দেওয়া হচ্ছে। মোবাইল, টেলিভিশন, ফ্রিজ এবং এসির মতো পণ্যের চাহিদার ৯৫ শতাংশ দেশেই উৎপাদিত হচ্ছে। লিফট, ফোর হুইলারের উৎপাদন বাড়ানোর ওপর নীতি সহায়তা দেওয়া হচ্ছে।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ বলেন, খেলাপি ঋণ কমাতে ব্যাংক কোম্পানি আইনের সংশোধন করা হয়েছে। এ ছাড়া অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি গঠনেরও উদ্যোগ নেওয়া হয়েছে। কিছু ব্যাংক একীভূত করার যে উদ্যোগ নেওয়া হয়েছে, তা যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে হবে। ব্যাংক খাতে সুশাসন প্রতিষ্ঠায় রোডম্যাপ অনুযায়ী কার্যক্রম শুরু হয়েছে। অচিরেই ব্যাংক খাতের অবস্থা ভালো হবে। এ ছাড়া বন্ড মার্কেটকে শক্তিশালী করার পাশাপাশি পুঁজিবাজারের উন্নয়নেও বেশকিছু উদ্যোগ নেওয়া হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. মো. হাবিবুর রহমান বলেন, বিভিন্ন দেশের মতো বাংলাদেশের অর্থনীতিতে কিছু চ্যালেঞ্জ তৈরি হয়েছে। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, বিনিময় হার স্থিতিশীল রাখা এবং খেলাপি ঋণ কমানোর ওপর জোর দেওয়া হয়েছে। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে সুদহার বাড়ানোর কোনো বিকল্প নেই। অনেক দেশ আগেই আগ্রাসীভাবে সুদহার বাড়ানোর নীতি নিয়েছে। তবে এ ক্ষেত্রে ব্যবসা-বাণিজ্যের কথা চিন্তা করে অনেক দেরিতে আমরা সুদহার বাড়িয়েছি। 'স্মার্ট রেট' নিয়ে অনেকে সমালোচনা করেন। কেউ কেউ বলেন, আইএমএফ, বিশ্বব্যাংকের পরামর্শে এটা করা হয়েছে। সেটা ঠিক নয়। স্মার্ট রেট কার্যকর না করে শুধু বাজারের ওপর ছেড়ে দিলে সুদহার একবারে অনেক বেড়ে যেত।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপোসহীন
সোমবার, ১১ মার্চ ২০২৪

### ঢাকা চেম্বার প্রাক-বাজেট আলোচনা

# ব্যাংক বাঁচাতে বাজেটে বড় অঙ্কের ভর্তুকি

নিজস্ব প্রতিবেদক

সরকারি ব্যাংকের বিতরণ করা ঋণের ২৫ শতাংশের বেশি খেলাপি হয়। এসব ব্যাংক বাঁচাতে সরকার বাজেটে ৪ থেকে সাড়ে ৪ হাজার কোটি টাকা ভর্তুকি দেয়। একজন ব্যক্তি একাই ১ হাজার ২০০ কোটি টাকা দেশের বাইরে পাচার করে নিয়ে গেছেন। দেশ থেকে টাকা পাচার এবং খেলাপি ঋণ আদায় না হওয়ার জন্য কেন্দ্রীয় ব্যাংকের সক্ষমতাকে দায়ী।

রোববার রাজধানীর একটি হোটেলে ঢাকা চেম্বার আয়োজিত প্রাক-বাজেট আলোচনায় অংশ নিয়ে এসব কথা বলেন এফবিসিসিআইর সাবেক সভাপতি এ কে আজাদ এমপি।

এ কে আজাদ বলেন, বাংলাদেশ ব্যাংককে ক্ষমতায়ন করতে হবে। এখানে এক ব্যক্তি একটি ব্যাংক থেকে ১২০০ কোটি টাকা নিয়ে দেশের বাইরে চলে গেলেন। এটা নিয়ে অভিযোগ করা হয়েছে, কিন্তু বাংলাদেশ ব্যাংক এটা নিয়ে এখন পর্যন্ত কোনো পদক্ষেপ নেয়নি, প্রতিবেদন দাখিল করতে পারেনি।

তিনি বলেন, ওই ব্যক্তি ব্যাংক থেকে টাকা নিয়ে বিদেশে গেলেন, তার বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া হলো? এখন পর্যন্ত জানা গেল না। অথচ দেশে ডলার সংকট চলছে। ডলারের দাম নিয়ে বাজারের যে দর আছে সেটাতে ডলার পাওয়া যায় না। বাংলাদেশ ব্যাংক ডলারের দাম দিয়েছে ১০৯ টাকা, আর আমি বাজার থেকে ডলার কিনেছি ১২৪ টাকায়। তার ওপরে ভ্যাট, ট্যাক্স, চার্জ দেওয়া হয় সেটাও পরিশোধ করেছি। এগুলো হয়েছে মূলত বাংলাদেশ ব্যাংকের ক্ষমতায়ন ঘাটতির কারণে। আবার বলা হয় সব দোষ ব্যবসায়ীদের। তবে এসব সমস্যা দূর করতে বাংলাদেশ ব্যাংককে ক্ষমতায়ন করার সময় এসেছে।

সরকারের কিছু ব্যয় অপচয় ইঙ্গিত করে এ ব্যবসায়ী বলেন, সরকারি ব্যাংকগুলোর খেলাপি ২৫ শতাংশের ওপরে। আবার এসব ব্যাংকে সরকারি বাজেটে ৪ থেকে সাড়ে ৪ হাজার কোটি টাকা ভর্তুকি দিতে হবে। এসব টাকা জনগণের করের টাকা। কেন এ টাকা ভর্তুকি দেবে, এর কারণ কী?

রাজস্ব আয় নিয়ে তিনি বলেন, বর্তমানে যেভাবে রাজস্ব বাড়াতে কথা বলা হচ্ছে এখানে এনবিআরের একা রাজস্ব আহরণ সম্ভব না। এ জন্য দরকার রাজনৈতিক সাপোর্ট।

তিনি বলেন, দুর্বল ও সবল ব্যাংক নিয়ে যত কথা হয়েছে কিন্তু সাবেক অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছিলেন ব্যাংকে কাকে বসাব। মুহিত সাহেব আক্ষেপ করে বলেছিলেন জনতা ব্যাংক অনেক ভালো ছিল, বিশ্বাস করে আবুল বারাকাতকে যোগ্য মনে করে দিলাম। কিন্তু তিনি সবল জনতা ব্যাংকে শেষ করে দিলেন।

> - ব্যাংক থেকে একজনই ১২শ কোটি টাকা পাচার করেছে
> - সরকারি ব্যাংকগুলোর খেলাপি ২৫ শতাংশের উপরে
> - ডলারের সরকারি দর ১০৯ টাকা, কিনতে হচ্ছে ১২৪ টাকায়
>
> ব্যাংকে সরকারি বাজেটে ৪ থেকে সাড়ে ৪ হাজার কোটি টাকা ভর্তুকি দিতে হবে। এসব টাকা জনগণের করের টাকা। কেন এ টাকা ভর্তুকি দেবে, এর কারণ কী?
>
> **এ কে আজাদ এমপি**

আমদানি-রফতানি নিয়ে তিনি বলেন, জনগণের জন্য বিদেশ থেকে পণ্য আমদানি করা হয়। কারণ আমরা আমদানিনির্ভর একটি দেশ। আমরা ভারত থেকে ১২ বিলিয়ন ও চীন থেকে ১৮ বিলিয়ন ডলারের পণ্য আমদানি করি। প্রতিবেশী দেশে রফতানিতে তাদের উৎসাহিত করা হয়, ডলার সহায়তা দেওয়া হয়। আমাদের দেশে ডলার পাওয়া যায় না। ভারত একটি প্রদেশে বিনিয়োগের জন্য ৮০ ভাগ খরচ বহন করবে, এতে বিনিয়োগকারীরা উৎসাহিত হচ্ছে। আমাদের দেশেও বিনিয়োগকারীদের উৎসাহ দেওয়া দরকার।

শিক্ষাপ্রতিষ্ঠানে একাডেমিক কারিকুলামের কঠোর সমালোচনা করেন। একই সঙ্গে বিভিন্ন বিষয়ে পড়াশোনার পার্থক্য তুলে ধরেন। উদাহরণ দিয়ে তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে শত বছর ধরে পালি ও তার কাছাকাছি কিছু বিষয়ে অনার্স-মাস্টার্স ও পিএইচডি ডিগ্রি দেওয়া হচ্ছে। এসব বিষয় যেখানে পড়ানো হয়, জনগণের করের টাকায় সেসব বিশ্ববিদ্যালয়ে ভর্তুকি দেওয়া হয়। এসব অর্থ অপচয়ের মানে হয় না। আমাদের এখন আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স (এআই) দরকার। সেগুলো না করে কেন বিপুল পরিমাণ অর্থ খরচ। এগুলোর বাস্তবতার মিল কোথায়, এগুলো ভেবে দেখা দরকার। দেশে বেকারের সংখ্যা ২ কোটি, কিন্তু দক্ষ জনবল পাচ্ছে না দেশ। বাইরের ১ লাখ ২৫ হাজার মানুষ আমাদের দেশে চাকরি করছেন। তারা বিপুল পরিমাণ অর্থ এ দেশ থেকে নিয়ে যাচ্ছেন।

প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেন, আগামী বাজেট দেশের বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক একটি বাজেট হবে। দেশের বেসরকারি খাত অর্থনৈতিক সমৃদ্ধির অগ্রযাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে এবং বিষয়টি বিবেচনায় রেখে আগামী বাজেটে বেসরকারি খাতে থেকে প্রাপ্ত সুপারিশগুলো বিবেচনা করা হবে বলে অভিমত ব্যক্ত করেন।

ঢাকা চেম্বারের সভাপতি আশরাফ আহমেদ বলেন, দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির গতিধারা অব্যাহত রাখতে রাজস্ব আহরণ বৃদ্ধিকল্পে করজাল সম্প্রসারণ এবং কর ব্যবস্থাপনার সহজীকরণ করা আবশ্যক। এ ছাড়াও আয়কর আইন-২০২৩-এর ধারা ১৬৩(২)(খ) হতে ধারা ৯০কে অব্যাহতি দেয়া এবং মূসক আইনের ধারা ৪৬(২)(ক) কে এ ধারা থেকে প্রত্যাহার করে সকল উপকরণ ব্যয়ের জন্য রেয়াত প্রদান করা প্রয়োজন বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিম বলেন, সরকারকে কর প্রদান প্রক্রিয়া সহজীকরণ ও করভার লাঘবের মধ্যে সমন্বয় করতে হয় এবং ইতিমধ্যে কর প্রদানের প্রক্রিয়া সহজীকরণের জন্য নানামুখী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি জানান, ২০২০ সালে ব্যক্তি শ্রেণির করদাতার সংখ্যা যেখানে ছিল ২১ লাখ, সেখানে ২০২৪ সালের ফেব্রুয়ারিতে তা ৩৭ লাখে উন্নীত হয়েছে, পাশাপাশি ২০২০ সালে বিআইএন ধারী সংখ্যা ছিল ২ লাখ, চলতি বছরের মার্চের শেষ নাগাদ তা ৫ লাখের অধিকে যেতে পারেন বলে মত প্রকাশ করেন। কর আহরণের পাশাপাশি বেসরকারি খাতকে সহযোগিতা প্রদানই এনবিআরের মূল লক্ষ্য বলে অভিমত ব্যক্ত করেন।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলিম উল্লাহ বলেন, খেলাপি ঋণ কমাতে বেসরকারি খাতের আওতায় অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি চালুকরণে আইনি কাঠামো প্রণয়নের কাজ করছে সরকার। ব্যবসা পরিচালন ব্যয় হ্রাস এবং পণ্য উৎপাদনের নতুন উদ্ভাবিত প্রযুক্তির ব্যবহার বৃদ্ধিতে এগিয়ে আসার জন্য তিনি বেসরকারি খাতের প্রতি আহ্বান জানান।

সংবাদ
বাংলাদেশের মুখপত্র
সোমবার, ১১ মার্চ ২০২৪

# আগামী বাজেট বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক হবে : অর্থমন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

আগামী বাজেট দেশের বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক হবে বলে ব্যবসায়ীদের আশ্বস্ত করেছেন আবুল হাসান মাহমুদ আলী।

গতকাল রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালের বলরুমে ডিসিসিআই, সমকাল ও চ্যানেল২৪ আয়োজিত প্রাক-বাজেট আলোচনায় অর্থমন্ত্রী এসব কথা বলেন। ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী।

২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে উন্নত সমৃদ্ধ ও স্মার্ট দেশ হিসেবে গড়ে তোলা হবে। এই লক্ষ্য অর্জনে বেসরকারি খাতের অংশীদারিত্ব

**ঋণখেলাপিদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার পাশাপাশি গণমাধ্যমে তাদের নাম প্রচারের প্রস্তাব ব্যবসায়ীদের**

অপরিহার্য উল্লেখ করে অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেন, 'দেশের অর্থনৈতিক সমৃদ্ধির অগ্রযাত্রায় বেসরকারি খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে এবং বিষয়টি বিবেচনায় রেখে আগামী বাজেটে বেসরকারি খাতে থেকে প্রাপ্ত সুপারিশসমূহ বিবেচনা করা হবে।'

সরকার বেসরকারি খাতকে অর্থনৈতিক চালিকা শক্তি হিসেবে বিবেচনা করে জানিয়ে অর্থমন্ত্রী বলেন, 'আমরা বিশ্বাস করি, বেসরকারি খাতের উন্নয়নের মাধ্যমেই দেশের অর্থনীতি উন্নয়ন সম্ভব। সরকার বেসরকারি খাতের সম্প্রসারণে পদক্ষেপ গ্রহণ করেছে। আগামী ২০২৪-২৫ অর্থবছরে বাজেট প্রণয়নের ক্ষেত্রেও বেসরকারি খাতের প্রত্যাশা গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে।'

তিনি জানান, মূল্যস্ফীতি কমিয়ে আনার পাশাপাশি বাজার পর্যবেক্ষণে ইতোমধ্যে বেশকিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে এবং আশাবাদ ব্যক্ত করে শীঘ্রই এ বিষয়ে সুফল আসবে। আর্থিক খাতে সুশাসন প্রতিষ্ঠা, প্রয়োজনীয় নীতি সংস্কার, দীর্ঘমেয়াদি কৌশল নির্ধারণ, মানবসম্পদের দক্ষতা উন্নয়ন, আমদানি বিকল্প শিল্পখাতের বিকাশ, পণ্যের বহুমুখীকরণ, বিনিয়োগ পরিবেশ উন্নয়ন এবং অভ্যন্তরীণ সম্পদের সুষম ব্যবহার প্রভৃতি বিষয়গুলো আগামী বাজেটে প্রধান্য পাবে।'

বিশেষ অতিথি'র বক্তব্যে হা-মীম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ও এফবিসিসিআই'র সাবেক সভাপতি এ কে আজাদ বলেন, গুড গভর্নেন্স নিশ্চিত করতে হবে। বাংলাদেশ ব্যাংককে শক্তিশালী করতে হবে।'

এ কে আজাদ বলেন, 'যারা ঋণ নিয়ে ফেরত দেয়নি, বিদেশে পাচার করেছে; নিরীক্ষক বসিয়ে বিষয়টি বের করে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার পাশাপাশি গণমাধ্যমে তাদের নাম প্রচারের প্রস্তাব করেন।

'ঋণের বাড়তি সুদের কারণে নতুন করে অনেক খেলাপি হবে উল্লেখ করে এ কে আজাদ বলেন, 'কম হারে ঋণ নিয়ে বেশি হারে সুদ দেয়ায় বাড়তি ঋণখেলাপি হবে। ব্যসায়ীরা এক ব্যাংক থেকে ঋণ নিয় আরেক ব্যাংকের ঋণ পরিশোধ করছে। এভাবে চলতে থাকলে ঋণের বোঝা আরও বাড়বে।'

তিনি বলেন, এই অবস্থার অবসান দরকার। এছাড়া যারা ঋণের নামে ব্যাংক থেকে টাকা নিয়ে বাইরে নিয়ে গেছে তাদের ধরতে হবে। ব্যাংক খাতে সুশাসন নিশ্চিত করতে হলে বাংলাদেশ ব্যাংককে স্বাধীনতা দিতে হবে। কোনো অনিয়ম ধরার পর ব্যবস্থা নিতে দিতে হবে।

তিনি আরও বলেন, 'সুদের হার ক্রমাগত হারে বাড়তে থাকলে ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করা কষ্টসাধ্য হয়ে পড়বে। আর্থিক খাতে সুশাসন এবং বাংলাদেশ ব্যাংকের আরও ক্ষমতায়নের ওপর তিনি জোরারোপ করেন। সেই সঙ্গে সরকারি প্রকল্পগুলোকে যথাসময়ে বাস্তবায়নের ওপর তিনি তাগিদ দেন, যার মাধ্যমে সরকারি অর্থের কৃচ্ছতা সাধন সম্ভব হবে।'

এছাড়াও 'দেশে বর্তমানে প্রায় ২ কোটি শিক্ষিত তরুণ বেকার যুবক রয়েছে এবং প্রয়োজনীয় দক্ষতার অভাবে যাদের কর্মসংস্থানের সুযোগ তৈরি করা যাচ্ছে না,' বলেন তিনি।

বাংলাদেশের বিনিয়োগকারীরা অনেক ঝুঁকি নিয়ে বিনিয়োগ করেন। বিদেশিরা ঝুঁকি নিতে চান না। তাই করের ক্ষেত্রে নীতির ধারাবাহিকতা দরকার। বিনিয়োগ বাড়াতে বন্ড ও বীমা খাতের উন্নয়ন দরকার বলে তিনি মন্তব্য করেন।

বিশেষ অতিথির বক্তব্যে জাতীয় সংসদের অর্থ মন্ত্রণালয় সংক্রান্ত স্থায়ী কমিটির সদস্য মো. আবুল কালাম আজাদ বলেন, 'দেশি-বিদেশি বিনিয়োগকারীদের মনোযোগ আকর্ষণে দীর্ঘমেয়াদি নীতির ধারাবাহিকতা নিশ্চিত করতে হবে। এছাড়াও রাজস্ব কাঠামোর সংস্কার ও সহজীকরণ এবং শিল্প খাতে সাশ্রয়ীমূল্যে নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ নিশ্চিতকরণের ওপর তিনি জোরারোপ করেন।'

জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিম বলেন, 'সরকারকে কর প্রদান প্রক্রিয়া সহজীকরণ ও করভার লাঘবের মধ্যে সমন্বয় করতে হয় এবং ইতোমধ্যে কর প্রদানের প্রক্রিয়া সহজীকরণের জন্য নানামুখী উদ্যোগ গ্রহণ করা হয়েছে।'

শেয়ার বিজ
The Daily Share Biz
সৃজনের পথে উন্নত স্বদেশ
সোমবার, ১১ মার্চ ২০২৪

### ঢাকা চেম্বারের আলোচনায় অর্থমন্ত্রী

# আগামী বাজেট হবে বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক

নিজস্ব প্রতিবেদক

আগামী ২০২৪-২৫ অর্থবছরের বাজেট হবে বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক। বাজেট প্রণয়নে বেসরকারি খাতের প্রত্যাশা গুরুত্ব পাবে। গতকাল রোববার রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে অনুষ্ঠিত এক প্রাক-বাজেট আলোচনায় প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী এ কথা বলেন।

ডিসিসিআই সভাপতি আশরাফ আহমেদের সঞ্চালনায় আগামী বাজেট সামনে রেখে চারটি বিষয়ের ওপর আলোচনা হয়। এগুলো হলো—আয়কর ও মূসক, আর্থিক খাত, শিল্প ও বাণিজ্য এবং অবকাঠামো উন্নয়ন।

অনুষ্ঠানে অর্থমন্ত্রী বলেন, বিনিয়োগের পরিবেশ উন্নয়নে কার্যকর নীতিমালা প্রণয়ন, সহজ ও দ্রুততম সময়ে সেবা প্রদান, কার্যকর অবকাঠামোগত ও মানবসম্পদ উন্নয়নের কার্যক্রম হাতে নেয়া হচ্ছে। এসব পদক্ষেপ বাস্তবায়নের জন্য রাজস্ব বৃদ্ধি, সরকারি ব্যয়ে কৃচ্ছ্রসাধন, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, আর্থিক খাতে সুশাসন প্রতিষ্ঠা, আমদানি বিকল্প শিল্প প্রতিষ্ঠাসহ অন্যান্য উন্নয়নমূলক কর্মকাণ্ডকে আগামী বাজেটে বিশেষ গুরুত্ব দেয়া হবে।

তিনি বলেন, এসব উদ্যোগ বেসরকারি খাতের প্রসারসহ দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপুর্ণ ভূমিকা পালন করবে। সার্বিকভাবে আগামী বাজেট হবে বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক।

বিশেষ অতিথির বক্তব্যে অর্থ মন্ত্রণালয়-সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য আবুল কালাম আজাদ বলেন, বাংলাদেশের বিনিয়োগকারীরা অনেক ঝুঁকি নিয়ে বিনিয়োগ করেন। বিদেশিরা ঝুঁকি নিতে চান না। তাই করের ক্ষেত্রে নীতির ধারাবাহিকতা দরকার। বিনিয়োগ বাড়াতে বন্ড ও বিমা খাতের উন্নয়ন দরকার বলে তিনি মন্তব্য করেন।

তিনি বলেন, করব্যবস্থার আরও সহজীকরণ দরকার। অটোমেশন দিনকে দিন হচ্ছে। আরও দরকার। ব্যাংক খাতে ইচ্ছাকৃত ঋণখেলাপি যাতে তৈরি হয়, সেদিকে বিশেষ খেয়াল রাখতে হবে। বাজেট বাস্তবায়নের সক্ষমতা আরও বাড়াতে হবে।

বিশেষ অতিথির বক্তব্যে এফবিসিসিআইর সাবেক সভাপতি এ কে আজাদ বলেন, অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের জন্য কর্মসংস্থান বাড়ানোর বিকল্প নেই। এক্ষেত্রে দক্ষ জনশক্তি গড়ে তুলতে হবে। আমাদের এখানে এক লাখ ২৫ হাজার বিদেশি নাগরিক কাজ করে। আমাদের বিশ্ববিদ্যালয়গুলোতে এখনও এমন কিছু বিষয় পড়ানো হচ্ছে কর্মসংস্থানে, যা ভূমিকা রাখতে পারছে না। কর্মসংস্থান ও রাজস্ব আয় বাড়াতে হলে, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে হলে সুশাসনের কোনো বিকল্প নেই।

তিনি বলেন, ৯ শতাংশ সুদে ঋণ নিয়ে এখন ১৪ শতাংশ গুনতে হচ্ছে। বাড়তি এই সুদের কারণে অনেকে খেলাপি হয়ে পড়বে। আবার ডলারের সরকারি দর ১১০ টাকা বলা হলেও আমদানিতে কিনতে হচ্ছে ১২৪ টাকায়। কাস্টমস কর্তৃপক্ষ ১২৪ টাকা ধরে শুল্কায়ন করছে। সরকারি অন্যান্য সংস্থা হিসাব করার সময় ডলারের দর ১১০ টাকা ধরে বলছে ব্যবসায়ীরা কারসাজি করে দর বাড়ায়। এই অবস্থার অবসান দরকার। এছাড়া যারা ঋণের নামে ব্যাংক থেকে টাকা নিয়ে বাইরে নিয়ে গেছে তাদের ধরতে হবে। ব্যাংক খাতে সুশাসন নিশ্চিত করতে হলে বাংলাদেশ ব্যাংককে স্বাধীনতা দিতে হবে। কোনো অনিয়ম ধরার পর ব্যবস্থা নিতে দিতে হবে।

তিনি আরও বলেন, ব্যাংক খাতে এখন এক লাখ ৪৫ হাজার কোটি টাকার খেলাপি ঋণ দেখানো হচ্ছে। তবে অর্থনীতিবিদ মইনুল ইসলামের মতে, ব্যাংক খাতে প্রায় চার লাখ কোটি টাকার খেলাপি ঋণ। বিভিন্ন ড্রেসিংয়ের মাধ্যমে অনেক খেলাপি ঋণ নিয়মিত দেখানোর প্রবণতা রয়েছে।

সম্মানিত অতিথি জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিম বলেন, করের আওতা বাড়ানোর বিষয়টি যত সহজে বলা হয়, বিষয়টি তত সহজ নয়। তবে কর আহরণ এনবিআরের একমাত্র লক্ষ্য নয়। এরই মধ্যে বিভিন্ন খাতে করহার কমানো হয়েছে। ব্যক্তি করদাতার সংখ্যা ২০২০ সালের ২১ লাখ থেকে গত ফেব্রুয়ারি পর্যন্ত ৩৭ লাখে উন্নীত করা হয়েছে। বিআইনধারী ভ্যাটদাতা প্রতিষ্ঠানের সংখ্যা ২০২০ সালের দুই লাখ থেকে এখন পাঁচ লাখে উন্নীত করা হয়েছে।

তিনি বলেন, আমদানিনির্ভরতা কমিয়ে কীভাবে দেশের মধ্যে উৎপাদন বাড়ানো যায়, সে ধরনের করনীতি নেয়া হয়েছে। উচ্চ মূল্য সংযোজিত রপ্তানি পণ্য উৎপাদনে বিভিন্ন ধরনের ছাড় দেয়া হচ্ছে। সরকারের নীতিতে এরই মধ্যে মোবাইল ফোন, টেলিভিশন, ফ্রিজ ও এসির উৎপাদন বেড়েছে। এসব পণ্যের ৯৫ শতাংশ দেশেই উৎপাদিত হচ্ছে। লিফট ও ফোর হুইলারের উৎপাদন বাড়ানোর ওপর নীতিসহায়তা দেয়া হচ্ছে।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ বলেন, খেলাপি ঋণ কমিয়ে আনতে ব্যাংক কোম্পানি আইনের সংশোধন করা হয়েছে। এছাড়া অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি গঠনও উদ্যোগ নেয়া হয়েছে। কিছু ব্যাংক একীভূত করার যে উদ্যোগ নেয়া হয়েছে, তা যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে হবে। ব্যাংক খাতে সুশাসন প্রতিষ্ঠায় রোডম্যাপ অনুযায়ী কার্যক্রম শুরু হয়েছে। অচিরেই ব্যাংক খাতের অবস্থা আরও ভালো হবে। এছাড়া বন্ড মার্কেটকে শক্তিশালী করার পাশাপাশি পুঁজিবাজারের উন্নয়নেও বেশকিছু উদ্যোগ নেয়া হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. মো. হাবিবুর রহমান বলেন, বিশ্বের বিভিন্ন দেশের মতো বাংলাদেশের অর্থনীতিতে কিছু চ্যালেঞ্জ তৈরি হয়েছে। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, বিনিময় হার স্থিতিশীল রাখা এবং খেলাপি ঋণ কমানোর ওপর জোর দেয়া হয়েছে। এখন মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের জন্য সুদহার বাড়ানোর কোনো বিকল্প নেই।

তিনি বলেন, 'বিশ্বের অন্যান্য দেশ অনেক আগ থেকেই আগ্রাসীভাবে সুদহার বাড়ানোর নীতি নিয়েছে। তবে আমরা এক্ষেত্রে ব্যবসা-বাণিজ্যের কথা চিন্তা করে অনেক দেরিতে সুদহার বাড়িয়েছি। 'স্মার্ট রেট' নিয়ে অনেকে সমালোচনা করেন। কেউ কেউ বলেন, আইএমএফ ও বিশ্বব্যাংকের পরামর্শে এটা করা হয়েছে, সেটা ঠিক নয়। স্মার্ট রেট কার্যকর না করে কেবল বাজারের ওপর ছেড়ে দিলে সুদহার একবারে অনেক বেড়ে যেত।

আইসিসি বাংলাদেশের সভাপতি মহাবুবুর রহমানসহ ব্যবসায়ী নেতারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বক্তব্য রাখেন ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আফতাবুল ইসলাম, রিজওয়ান রহমান, ব্যারিস্টার সামীর সাত্তার. শামস মাহমুদ, বিকেএমইএর নির্বাহী সভাপতি মোহাম্মদ হাতেম, গবেষণা সংস্থা পলিসি এক্সচেঞ্জের চেয়ারম্যান ড. এম মাশরুর রিয়াজ, বিএসইসির সাবেক কমিশনার আরিফ খান, এনবিআরের সাবেক সদস্য ফরিদ উদ্দিন, ইউনিলিভার বাংলাদেশের কর বিভাগের প্রধান সাঈদ আহমেদ খান, সোনালী আঁশ ইন্ডাস্ট্রিজের এমডি মাহবুবুর রহমান পাটওয়ারি, ইফাদ গ্রুপের পরিচালক তাসকিন আহমেদ, কনফিডেন্স গ্রুপের ভাইস চেয়ারম্যান ইমরান করিম, সামিট অ্যালায়েন্স পোর্টের এমডি সৈয়দ আলী জওহর রিজভী প্রমুখ।

বক্তারা বলেন, বিদেশি বিনিয়োগ আকৃষ্ট করার জন্য নীতির ধারাবাহিকতা দরকার। এছাড়া বিদ্যুৎ ও গ্যাস সরবরাহ নিশ্চিত করতে হবে। আমাদের এখানে এসব ক্ষেত্রে বড় ধরনের সংকট রয়েছে। তারা বলেন, ৯ শতাংশ সুদ হিসাব করে ঋণ নিয়ে এখন গুনতে হচ্ছে ১৪ শতাংশ। এতে করে প্রকৃত ব্যবসায়ীদের অনেকে ক্ষতিগ্রস্ত হবেন। বিনিয়োগে আগ্রহ হারবেন। আর বিনিয়োগ না হলে কর্মসংস্থান বাড়বে না। আবার ইচ্ছাকৃত খেলাপি ও অনিচ্ছাকৃত খেলাপি সবার জন্য একই আইন থাকায় বৈষম্য হচ্ছে। এছাড়া ক্রেতা প্রতিষ্ঠান দেউলিয়া হওয়ায় রপ্তানি বিল না এলে তিনি আর সুবিধা পাচ্ছেন না। এসব সমস্যা দূর করতে না পারলে প্রকৃত ব্যবসায়ীরা উৎসাহী হবেন না।

নতুন ধারার দৈনিক
আমাদের সময়
সোমবার, ১১ মার্চ ২০২৪

# খাতের জন্য আগামী বাজেট উৎসাহব্যঞ্জক হবে

■ অর্থমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক ●

আগামী ২০২৪-২৫ অর্থবছরে বেসরকারি খাতের জন্য একটি উৎসাহব্যঞ্জক বাজেট করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। তিনি বলেন, বাজেট প্রণয়নের ক্ষেত্রে বেসরকারি খাতের মতামত ও প্রত্যাশাকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে।

গতকাল রাজধানীর একটি অভিজাত হোটেলে আয়োজিত 'প্রাক-বাজেট আলোচনা : বেসরকারি খাতের প্রত্যাশা' শীর্ষক এক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), দৈনিক সমকাল এবং চ্যানেল টোয়েন্টিফোর যৌথভাবে এ সভা আয়োজন করে।

এতে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী বলেন, আমাদের সরকার বেসরকারি খাতের উন্নয়ন ও প্রসারে নানামুখী পদক্ষেপ নিয়েছে। তার মধ্যে অন্যতম আয়কর, মূসক ও শুল্ক সংক্রান্ত আইন প্রণয়ন ও সংস্কারের মাধ্যমে কর কাঠামোর সক্ষমতা বৃদ্ধি, অটোমেশন, কর প্রদান প্রক্রিয়া সহজীকরণ, ঋণের সুদ হার যৌক্তিক করা, অবকাঠামো উন্নয়নে বিনিয়োগ বৃদ্ধি এবং ব্যবসায়ীদের জন্য নানা ধরনের প্রণোদনার ব্যবস্থা করা। আশাকরি পদক্ষেপগুলো বেসরকারি খাতের উন্নয়নে সহায়ক হবে।

আবুল হাসান মাহমুদ আলী বলেন, বেসরকরি খাতের উন্নয়ন ও প্রসারে কিছু কাঠামোগত সংস্কার বাস্তবায়ন প্রয়োজন। আমরা বাজেটে সে বিষয়গুলোর ওপর গুরুত্বারোপ করছি। এ লক্ষ্যে আমরা বেশ কিছু পদক্ষেপ নিয়েছি।

তিনি বলেন, পাইকারি পণ্য ও সেবাপর্যায়ে ইএফডিএমএসের মাধ্যমে মূসক জাল সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা ও চট্টগ্রামে প্রাথমিক পর্যায়ে সাত হাজার এবং ক্রমান্বয়ে তিন লাখ ইএফডিএমএস মেশিন স্থাপনের লক্ষ্যে বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি করা হয়েছে। বিনিয়োগের পরিবেশ উন্নয়ন, কার্যকর নীতিমালা প্রণয়ন, সহজ ও দ্রুততম সময়ে সেবা প্রদান, কার্যকর অবকাঠামগত ও মানবসম্পদ উন্নয়নের কার্যক্রম নেওয়া হচ্ছে।

অর্থমন্ত্রী বলেন, এসব পদক্ষেপ বাস্তবায়নের জন্য রাজস্ব বৃদ্ধি, সরকারি ব্যয়ে কৃচ্ছ্রসাধন, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, দেশের আর্থিক খাতের সুশাসন প্রতিষ্ঠা, আমদানির বিকল্প শিল্প প্রতিষ্ঠাসহ অন্য উন্নয়নমূলক কর্মকাণ্ডগুলোকে এ বছর বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হবে।

আজকের পত্রিকা
সোমবার, ১১ মার্চ ২০২৪

# কেন্দ্রীয় ব্যাংকের দুর্বলতায় টাকা পাচার হচ্ছে

## প্রাক্-বাজেট আলোচনায় এ কে আজাদ

**নিজস্ব প্রতিবেদক**

কেন্দ্রীয় ব্যাংকের দুর্বলতার সুযোগে দেশ থেকে টাকা পাচার হচ্ছে বলে মন্তব্য করেছেন এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি ও হা-মীম গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক এ কে আজাদ। তিনি বলেন, 'এক ব্যক্তি একটি ব্যাংক থেকে ১ হাজার ২০০ কোটি টাকা নিয়ে দেশের বাইরে চলে গেল। এটা নিয়ে অভিযোগ করা হয়েছে। কিন্তু বাংলাদেশ ব্যাংক এটা নিয়ে এখন পর্যন্ত কোনো পদক্ষেপ নেয়নি। এমনকি কোনো প্রতিবেদন দাখিল করতে পারেনি। তাহলে যে ব্যক্তি ব্যাংক থেকে টাকা নিয়ে পালিয়ে যাবে, তার বিরুদ্ধে কি ব্যবস্থা নেওয়া হবে না?'

গতকাল রোববার রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালের বলরুমে ডিসিসিআই, দৈনিক সমকাল এবং চ্যানেল ২৪ আয়োজিত 'প্রাক্-বাজেট আলোচনা: প্রেক্ষিত বেসরকারি খাত' অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্যে সংসদ সদস্য এ কে আজাদ এসব কথা বলেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। এতে এনবিআর চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিমও উপস্থিত ছিলেন।

আমদানি-রপ্তানি নিয়ে এ কে আজাদ বলেন, 'আমরা ভারত থেকে ১২ বিলিয়ন ও চীন থেকে ১৮ বিলিয়ন ডলারের পণ্য আমদানি করি। প্রতিবেশী দেশে রপ্তানিতে তাদের উৎসাহিত করা হয়, ডলার সহায়তা দেওয়া হয়। আমাদের দেশে ডলার পাওয়া যায় না।' তিনি বলেন, 'শিক্ষাক্রমের দুর্বলতায় দেশে বেকারের সংখ্যা ২ কোটি; কিন্তু দক্ষ জনবল পাচ্ছে না দেশ। বাইরের ১ লাখ ২৫ হাজার মানুষ আমাদের দেশে চাকরি করছেন। তাঁরা বিপুল পরিমাণ অর্থ এ দেশ থেকে নিয়ে যাচ্ছেন।'

প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী আশাবাদ ব্যক্ত করে বলেন, আগামী বাজেট দেশের বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক একটি বাজেট হবে। দেশের বেসরকারি খাত অর্থনৈতিক সমৃদ্ধির অগ্রযাত্রায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। বিষয়টি বিবেচনায় রেখে আগামী বাজেটে বেসরকারি খাতে থেকে প্রাপ্ত সুপারিশসমূহ আমলে নেওয়া হবে। মূল্যস্ফীতি কমিয়ে আনার পাশাপাশি বাজার পর্যবেক্ষণে ইতিমধ্যে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

বাংলাদেশ ব্যাংকের ডেপুটি গভর্নর ড. হাবিবুর রহমান বলেন, 'বাইরের অর্থনীতির সঙ্গে জড়িত অনেক কিছু আমাদের অর্থনীতিতে নেতিবাচক প্রভাব ফেলেছে। তার মধ্যে মূল্যস্ফীতি ও খেলাপি অন্যতম।'

ঢাকা চেম্বারের সভাপতি আশরাফ আহমেদ স্বাগত বক্তব্যে বলেন, দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির গতিধারা অব্যাহত রাখতে রাজস্ব আহরণ বৃদ্ধিকল্পে করজাল সম্প্রসারণ এবং কর ব্যবস্থাপনার সহজীকরণ করা আবশ্যক।

এনবিআরের চেয়ারম্যান আবু হেনা মো. রহমাতুল মুনিম বলেন, সরকারকে কর প্রদানপ্রক্রিয়া সহজীকরণ ও করভার কমাতে হয়। ইতিমধ্যে কর প্রদানের প্রক্রিয়া সহজীকরণের জন্য নানামুখী উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জিডিপিতে করের অবদান বাড়াতে সরকার ক্রমাগত প্রচেষ্টা অব্যাহত রেখেছে।

আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব শেখ মোহাম্মদ সলীম উল্লাহ বলেন, খেলাপি ঋণ কমিয়ে আনতে ব্যাংক কোম্পানি আইনের সংশোধন করা হয়েছে। কিছু ব্যাংক একীভূত করার যে উদ্যোগ নেওয়া হয়েছে, তা যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে হবে। অনুষ্ঠানে বক্তব্য দেন আইসিসি বাংলাদেশের সভাপতি মহাবুবুর রহমান, ঢাকা চেম্বারের সাবেক সভাপতি আফতাবুল ইসলাম, রিজওয়ান রহমান, ব্যারিস্টার সামীর সাত্তার, বিকেএমইএর নির্বাহী সভাপতি মোহাম্মদ হাতেমসহ আরও অনেকে উপস্থিত ছিলেন।

আজকের পত্রিকা
আজকের পত্রিকা

The Daily Alokito Bangladesh
আলোকিত বাংলাদেশ
সোমবার, ১১ মার্চ ২০২৪

# আগামী বাজেট বেসরকারি খাতের জন্য উৎসাহব্যঞ্জক হবে : অর্থমন্ত্রী

● নিজস্ব প্রতিবেদক

আগামী ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রণয়নের ক্ষেত্রেও বেসরকারি খাতের মতামত ও প্রত্যাশাকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে উল্লেখ করা অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী বলেছেন, আগামী জাতীয় বাজেট বেসরকারি খাতের জন্য একটি উৎসাহব্যঞ্জক বাজেট হবে। গতকাল রোববার রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে 'প্রাক-বাজেট আলোচনা : বেসরকারি খাতের প্রত্যাশা' শীর্ষক এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), দৈনিক সমকাল এবং চ্যানেল টোয়েন্টিফোর যৌথভাবে এ সভা আয়োজন করে।

মন্ত্রী বলেন, আমাদের সরকার বেসরকারি খাতকে অর্থনীতির চালিকাশক্তি হিসেবে বিবেচনা করে। বেসরকারি খাতের প্রবৃদ্ধি এবং উন্নয়নের জন্য সরকার বরাবরই সহায়ক ভূমিকা পালন করে আসছে। তিনি বলেন, আমাদের সরকারের লক্ষ্য ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত, সমৃদ্ধ ও টেকসই স্মার্ট দেশ হিসেবে গড়ে তোলা। এ লক্ষ্য অর্জনে বেসরকারি খাতের অংশীদারত্ব অপরিহার্য। আমরা বিশ্বাস করি বেসরকারি খাতের উন্নয়নের মাধ্যমেই দেশের অর্থনীতির উন্নয়ন সম্ভব হবে। মন্ত্রী বলেন, আমাদের সরকার বেসরকারি খাতের উন্নয়ন ও প্রসারে নানামুখী পদক্ষেপ নিয়েছে। তার মধ্যে অন্যতম হচ্ছে আয়কর, মূসক ও শুল্ক-সংক্রান্ত আইন প্রণয়ন ও সংস্কারের মাধ্যমে কর কাঠামোর সক্ষমতা বৃদ্ধি, অটোমেশন, কর প্রদান প্রক্রিয়া সহজীকরণ, ঋণের সুদ হার যৌক্তিক করা, অবকাঠামো উন্নয়নে বিনিয়োগ বৃদ্ধি এবং ব্যবসায়ীদের জন্য নানা ধরনের প্রণোদনার ব্যবস্থা করা। তিনি বলেন, আমাদের এই পদক্ষেপগুলো আরো কীভাবে সুচারুভাবে বাস্তবায়ন করা যায়, তা নিয়ে আমরা কাজ করছি। আশাকরি পদক্ষেপগুলো বেসরকারি খাতের উন্নয়নে সহায়ক হবে। আমরা চাই বেসরকারি খাত আরো বেশি বৃদ্ধি পাক এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে আরও বেশি ভূমিকা পালন করুক। আবুল হাসান মাহমুদ আলী বলেন, দেশের অর্থনীতিতে বেসরকারি খাতের অবদান ক্রমশ বাড়ছে। বেসরকরি খাতের উন্নয়ন ও প্রসারে সরকার নিরলসভাবে কাজ করে গেলেও কিছু কাঠামোগত সংস্কার বাস্তবায়ন প্রয়োজন। আমরা বাজেটে সে বিষয়গুলোর ওপর গুরুত্ব আরোপ করছি। এ লক্ষ্যে আমরা বেশকিছু পদক্ষেপ নিয়েছি। এরই মধ্যে রাজস্ব আহরণ বাড়াতে ৫০ লাখ টাকার পরিবর্তে ১০ লাখ বা তার বেশি মূসক পরিশোধে ই-পেমেন্ট, ই-চালান বাধ্যতামূলক করা হয়েছে। তিনি বলেন, পাইকারি পণ্য ও সেবা পর্যায়ে ইএফডিএমএস'র মাধ্যমে মূসক জাল সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা ও চট্টগ্রামে প্রাথমিক পর্যায়ে ৭ হাজার এবং ক্রমান্বয়ে ৩ লাখ ইএফডিএমএস মেশিন স্থাপনের লক্ষ্যে বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি করা হয়েছে। বিনিয়োগের পরিবেশ উন্নয়ন, কার্যকর নীতিমালা প্রণয়ন, সহজ ও দ্রুততম সময়ে সেবা প্রদান, কার্যকর অবকাঠামগত ও মানবসম্পদ উন্নয়নের কার্যক্রম নেওয়া হচ্ছে। অর্থমন্ত্রী বলেন, এসব পদক্ষেপ বাস্তবায়নের জন্য রাজস্ব বৃদ্ধি, সরকারি ব্যয়ে কৃচ্ছ্রসাধন, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, দেশের আর্থিক খাতের সুশাসন প্রতিষ্ঠা, আমদানির বিকল্প শিল্প প্রতিষ্ঠাসহ অন্য উন্নয়নমূলক কর্মকাণ্ডগুলোকে এ বছর বাজেটে বিশেষ গুরুত্ব দেওয়া হবে। আমরা আশাকরি এই পদক্ষেপগুলো বেসরকারি খাতের প্রসারসহ আমাদের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। আগামী জাতীয় বাজেট বেসরকারি খাতের জন্য একটি উৎসাহব্যঞ্জক বাজেট হবে। আমরা বেসরকারি খাতের সঙ্গে নিয়মিত আলোচনার মাধ্যমে তাদের সমস্যা সধানে কাজ করে যাচ্ছি। তিনি বলেন, বৈশিক উন্নয়ন সহযোগী সংস্থার পূর্বাভাস অনুযায়ী আমাদের প্রধান রপ্তানি গন্তব্য যুক্তরাষ্ট্র ও ইউরোপ এবং বাণিজ্য সহযোগী অন্য দেশগুলোতে সামনের দিনে জিডিপি প্রবৃদ্ধি ইতিবাচক থাকবে। এটা একটা ভালো সংবাদ আমাদের জন্য। বিশ্বব্যাপী এবং প্রতিবেশী দেশগুলোতে ২০২৩ সালে মূল্যস্ফীতি উর্ধ্বমুখী থাকলেও ২০২৪ সালে তা ৫ দশমিক ৮ শতাংশে নামবে বলে আশা করা যাচ্ছে। তিনি আরো বলেন, অর্থনীতির গতিধারা তো একটা চলমান প্রক্রিয়া। এখন ভালো আছে। পূর্বাভাসটা ভালো আছে। আমাদের কাজে এটা সাহায্য করবে। ২০২৪ সালের প্রথমার্ধে বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্য কিছুটা উর্ধ্বমুখী ছিল, যা বর্তমানে ৮২ দশমিক ৫ ডলারে নেমে এসেছে। কাজেই জ্বালানি তেলের মূল্য স্থিতিশীল থাকবে বলে যে পূর্বাভাস পাওয়া যাচ্ছে, সেটা আমাদের কাজের জন্য সাহায্য করবে বলে আমরা আশা করছি। মন্ত্রী বলেন, আমরা (সরকার) কাজ শুরু করেছি মাসখানেক হলো। আমরা বেশ বাধার সম্মুখীন হচ্ছিলাম। কিন্তু এরই মধ্যে নানামুখী পদক্ষেপ নিয়েছি। রপ্তানি আয়ের প্রবৃদ্ধি ইতিবাচক রয়েছে। যদিও ২০২৩ পর্যন্ত চলতি হিসাবের ভারসাম্যে ১ দশমিক ৯৩ ডলার ঘাটতি রয়েছে।

আমাদের অর্থনীতি
সোমবার, ১১ মার্চ ২০২৪

# বাজেট প্রণয়নে বেসরকারি খাতের মতামত ও প্রত্যাশাকে গুরুত্ব দেয়া হবে : অর্থমন্ত্রী

## রাজস্ব আদায় বাড়াতে কাঠামোগত সংস্কারে গুরুত্ব আরোপ করা হবে



সোহেল রহমান : [১] আগামী ২০২৪-২৫ অর্থবছরের বাজেট প্রণয়নে বেসরকারি খাতের মতামত ও প্রত্যাশাকে অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী।

[২] রোববার রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই), দৈনিক সমকাল ও চ্যানেল টোয়েন্টিফোর-এর যৌথ উদ্যোগে আয়োজিত প্রাক-বাজেট আলোচনা : বেসরকারি খাতের প্রত্যাশা শীর্ষক এক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা জানান।

[৩] অর্থমন্ত্রী বলেন, আমাদের সরকারের লক্ষ্য ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত, সমৃদ্ধ ও টেকসই স্মার্ট দেশ হিসেবে গড়ে তোলা। এ লক্ষ্য অর্জনে বেসরকারি খাতের অংশীদারিত্ব অপরিহার্য। বর্তমান সরকার দেশের বেসরকারি খাতকে অর্থনীতির চালিকাশক্তি হিসেবে বিবেচনা করে। আমরা বিশ্বাস করি বেসরকারি খাতের উন্নয়নের মাধ্যমেই দেশের অর্থনীতির উন্নয়ন সম্ভব হবে এবং দেশের অর্থনীতিতেও বেসরকারি খাতের অবদান ক্রমশ বাড়ছে। সে বিবেচনায় আগামী জাতীয় বাজেট বেসরকারি খাতের জন্য একটি উৎসাহব্যঞ্জক বাজেট হবে।

[৪] তিনি বলেন, সরকার বেসরকারি খাতের উন্নয়ন ও প্রসারে বরাবরই সহায়ক ভূমিকা পালন করে আসছে এবং নানামুখী পদক্ষেপ নিয়েছে। এর মধ্যে অন্যতম হচ্ছে আয়কর, মূসক ও শুল্ক সংক্রান্ত আইন প্রণয়ন ও সংস্কারের মাধ্যমে কর কাঠামোর সক্ষমতা বাড়ানো, অটোমেশন, কর প্রদান প্রক্রিয়া সহজীকরণ, ঋণের সুদ হার যৌক্তিক করা, অবকাঠামো উন্নয়নে বিনিয়োগ বাড়ানো এবং ব্যবসায়ীদের জন্য নানা ধরনের প্রণোদনার ব্যবস্থা করা।

[৫] অর্থমন্ত্রী বলেন, এ পদক্ষেপগুলো আরও কীভাবে সুচারুভাবে বাস্তবায়ন করা যায়, তা নিয়ে আমরা কাজ করছি। আশাকরি পদক্ষেপগুলো বেসরকারি খাতের উন্নয়নে সহায়ক হবে। আমরা চাই বেসরকারি খাত আরও বেশি বৃদ্ধি পাক এবং দেশের অর্থনৈতিক উন্নয়নে আরও বেশি ভূমিকা পালন করুক। আমরা বেসরকারি খাতের সঙ্গে নিয়মিত আলোচনার মাধ্যমে তাদের সমস্যা সমাধানে কাজ করে যাচ্ছি।

[৬] তিনি বলেন, সরকার বেসরকারি খাতের উন্নয়ন ও প্রসারে নিরলসভাবে কাজ করে গেলেও কিছু কাঠামোগত সংস্কার বাস্তবায়ন প্রয়োজন। বাজেটে সে বিষয়গুলোর ওপর গুরুত্ব আরোপ করা হবে। এছাড়া বাজেটে রাজস্ব আয় বাড়ানো, সরকারি ব্যয়ে কৃচ্ছ্রসাধন, মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ, দেশের আর্থিক খাতের সুশাসন প্রতিষ্ঠা, আমদানির বিকল্প শিল্প প্রতিষ্ঠানসহ অন্য উন্নয়নমূলক কর্মকাণ্ডগুলোকে এ বছর বাজেটে বিশেষ গুরুত্ব দেয়া হবে। আমরা আশাকরি এই পদক্ষেপগুলো বেসরকারি খাতের প্রসারসহ আমাদের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

[৭] প্রসঙ্গক্রমে অর্থমন্ত্রী বলেন, রাজস্ব আদায় বাড়াতে এরই মধ্যে রাজস্ব আহরণ বাড়াতে ৫০ লাখ টাকার পরিবর্তে ১০ লাখ বা তার বেশি মূসক পরিশোধে ই-পেমেন্ট, ই-চালান বাধ্যতামূলক করা হয়েছে। পাইকারি পণ্য ও সেবা পর্যায়ে ইএফডিএমএস'র মাধ্যমে মূসক জাল সম্প্রসারণের লক্ষ্যে ঢাকা ও চট্টগ্রামে প্রাথমিক পর্যায়ে সাত হাজার এবং ক্রমান্বয়ে ৩ লাখ ইএফডিএমএস মেশিন স্থাপনের লক্ষ্যে বেসরকারি প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি করা হয়েছে। বিনিয়োগের পরিবেশ উন্নয়ন, কার্যকর নীতিমালা প্রণয়ন, সহজ ও দ্রুততম সময়ে সেবা প্রদান, কার্যকর অবকাঠামোগত ও মানবসম্পদ উন্নয়নের কার্যক্রম নেয়া হচ্ছে।

[৮] তিনি বলেন, বৈশ্বিক উন্নয়ন সহযোগী সংস্থার পূর্বাভাস অনুযায়ী আমাদের প্রধান রপ্তানি গন্তব্য যুক্তরাষ্ট্র ও ইউরোপ এবং বাণিজ্য সহযোগী অন্য দেশগুলোতে সামনের দিনে জিডিপি প্রবৃদ্ধি ইতিবাচক থাকবে। এটা একটা ভালো সংবাদ আমাদের জন্য। বিশ্বব্যাপী এবং প্রতিবেশী দেশগুলোতে ২০২৩ সালে মূল্যস্ফীতি ঊর্ধ্বমুখী থাকলেও ২০২৪ সালে তা ৫ দশমিক ৮ শতাংশে নামবে বলে আশা করা যাচ্ছে।

[৯] তিনি আরও বলেন, অর্থনীতির গতিধারা একটা চলমান প্রক্রিয়া। এখন ভালো আছে। পূর্বাভাসটা ভালো আছে। আমাদের কাজে এটা সাহায্য করবে। ২০২৪ সালের প্রথমার্ধে বিশ্ববাজারে জ্বালানি তেলের মূল্য কিছুটা ঊর্ধ্বমুখী ছিল। যা বর্তমানে ৮২ দশমিক ৫ ডলারে নেমে এসেছে। কাজেই জ্বালানি তেলের মূল্য স্থিতিশীল থাকবে বলে যে পূর্বাভাস পাওয়া যাচ্ছে, সেটা আমাদের কাজের জন্য সাহায্য করবে বলে আমরা আশা করছি।

[১০] অর্থমন্ত্রী বলেন, আমরা কাজ শুরু করেছি দায়িত্ব নেয়ার পর থেকে। শুরুতেই আমরা বেশ বাধার সম্মুখীন হয়েছিলাম। কিন্তু এরই মধ্যে নানামুখী পদক্ষেপ নিয়েছি। রপ্তানি আয়ের প্রবৃদ্ধি ইতিবাচক রয়েছে। যদিও ২০২৩ পর্যন্ত চলতি হিসাবের ভারসাম্যে ১ দশমিক ৯৩ ডলার ঘাটতি রয়েছে।

[১১] তিনি বলেন, ২০২৪ সালের জানুয়ারি পর্যন্ত রেমিট্যান্স আয় হয়েছিল ১২ দশমিক ৯ বিলিয়ন ডলার, যা আগের বছরের একই সময়ের তুলনায় ৩ দশমিক ৬ শতাংশ বেশি। মার্কিন ডলারের বিপরীতে টাকার মূল্যমান স্থিতিশীল রয়েছে এবং সর্বশেষ ৬ মার্চ বৈদেশিক মুদ্রার রিজার্ভ দাঁড়িয়েছে ২৬ দশমিক ৩৪ বিলিয়ন ডলার।

[১২] তিনি আরও বলেন, বিগত বছরগুলোতে আমাদের সরকারের সাফল্যসমূহ হলো- অভ্যন্তরীণ ও বহিঃখাতে নানা শক্তির অভিঘাত সত্ত্বেও ২০০৯-১০ থেকে ২০২২-২৩ পর্যন্ত জিডিপি প্রবৃদ্ধির গড় হার ৬ দশমিক ৬০ শতাংশের ওপরে রাখা এবং বাজেট ঘাটতি জিডিপি'র ৫ শতাংশের মধ্যে সীমাবদ্ধ রাখা। মূল্যস্ফীতি ধীরে ধীরে কমিয়ে আনা। বৈদেশিক মুদ্রার বিনিময় হার স্থিতিশীল রাখা। সরকারি বাজেটের আকার, রাজস্ব আয়, সরকারি ব্যয় ও বৈদেশিক সাহায্যের প্রতিশ্রুতি দ্বিগুণ করা। বার্ষিক কর্মসূচির আকার বৃদ্ধি করা, মাথাপিছু আয় বাড়ানো ও দারিদ্র্য বিমোচন।